# পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়

## বেরুনানপুকুরিয়া, মালিকাপুর, বারাসাত, কলিকাতা ৭০০১২৬

**দুই বর্ষের NEP স্নাতকোত্তর বাংলা পাঠক্রম ২০২৬, মোট নম্বর = ১১৫০, মোট ক্রেডিট ৮৮** (2-year) under NEP Curriculum, effective from July 2026.

(The credit of a theoretical course shall be made equal to the number of teaching hours per week. Course will be at least 1.5 hours per week for each credit (i.e. at least 6 hours per week for a 4-credit course.)

**সেমেস্টার ১: মোট ক্রেডিট= ২২= ৩৩ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক, মোট নম্বর= ৩০০,**

BNG2PCOR0IT, প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস পাঠ, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCOR02T, আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস পাঠ, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCOR03T, ভাষাতত্ত্ব পাঠ, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCOR04T, ভাষাবিজ্ঞান: ক্রমবিকাশের ইতিহাস পাঠ, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCOR05T, প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PAEC01M, সক্ষমতা বৃদ্ধিমূলক পাঠক্রম, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ২, ৩ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

**সেমেস্টার ২: মোট ক্রেডিট= ২০= ৩০ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক, মোট নম্বর= ২৫০,**

BNG2PCOR06T, বাংলা কাব্য ও কবিতা পাঠ, **১**ম পর্ব, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCOR07T, বাংলা কাব্য ও কবিতা পাঠ, ২য় পর্ব, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCOR08T, বাংলা কথাসাহিত্য পাঠ, **১**ম পর্ব, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCOR09T, বাংলা কথাসাহিত্য পাঠ, ২য় পর্ব, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCOR10T, বাংলা প্রবন্ধ সাহিত্য পাঠ, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

**সেমেস্টার ৩: মোট ক্রেডিট= ২২= ৩৩ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক, মোট নম্বর= ৩০০,**

BNG2PDSE01T, বিশেষ পত্র: ১। প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ। ২। বাংলা কথাসাহিত্য পাঠ। ৩। ভাষাতত্ত্ব পাঠ। ৪। রবীন্দ্রসাহিত্য পাঠ। ৫। তুলনামূলক সাহিত্য পাঠ। ৬। লোকসংস্কৃতি পাঠ, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PDSE02T, বিশেষ পত্র: ১। প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ। ২। বাংলা কথাসাহিত্য পাঠ। ৩। ভাষাতত্ত্ব পাঠ। ৪। রবীন্দ্রসাহিত্য পাঠ। ৫। তুলনামূলক সাহিত্য পাঠ। ৬। লোকসংস্কৃতি পাঠ- পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCORI1T, সাহিত্যতত্ত্ব পাঠ, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCOR12T, রবীন্দ্রসাহিত্য পাঠ, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCOR13T, প্রতিবেশি সাহিত্য পাঠ, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PSEC01M, দক্ষতা বৃদ্ধিমূলক পাঠক্রম, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ২, ৩ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

**সেমেস্টার ৪: মোট ক্রেডিট= ২৪= ৩৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক, মোট নম্বর= ৩০০,**

BNG2PDSE03T, বিশেষ পত্র: ১। প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ। ২। বাংলা কথাসাহিত্য পাঠ। ৩। ভাষাতত্ত্ব পাঠ। ৪। রবীন্দ্রসাহিত্য পাঠ। ৫। তুলনামূলক সাহিত্য পাঠ। ৬। লোকসংস্কৃতি পাঠ- পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PDSE04T, বিশেষ পত্র: ১। প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ। ২। বাংলা কথাসাহিত্য পাঠ। ৩। ভাষাতত্ত্ব পাঠ। ৪। রবীন্দ্রসাহিত্য পাঠ। ৫। তুলনামূলক সাহিত্য পাঠ। ৬। লোকসংস্কৃতি পাঠ, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCOR14T, বাংলা নাটক পাঠ, ১ম পর্ব, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCOR15T, বাংলা নাটক পাঠ, ২য় পর্ব, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCOR16T, শিক্ষামূলক ভ্রমণ / ক্ষেত্র সমীক্ষা, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

BNG2PCOR17M, গবেষণাপত্র রচনা, পূর্ণমান= ৫০, ক্রেডিট= ৪, ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

**দুই বর্ষের NEP স্নাতকোত্তর বাংলা পাঠক্রম ২০২৬, মোট নম্বর = ১১৫০, মোট ক্রেডিট ৮৮**
(2-year) under NEP Curriculum, effective from July 2026.

**সম্পূর্ণ পাঠক্রম নির্বাচনের সামগ্রিক দৃষ্টিভঙ্গী**

(programme specific outcome):

প্রাক স্নাতক স্তরে ছাত্র-ছাত্রীরা যে ত্রিবার্ষিক পাঠক্রমটি অধ্যয়ন করে এসেছে, স্নাতকোত্তর স্তরের পাঠক্রমটি তার থেকে অনেকটাই পৃথক। কারণ, এই পাঠক্রমে ছাত্র-ছাত্রীর কর্মমুখী শিক্ষাদান ও একইসঙ্গে তার আত্মশক্তি বিকাশের উপর জোর দেওয়া হয়েছে। প্রাক্ স্নাতক স্তরের পাঠক্রমের বাইরের পাঠ্যপুস্তক নির্বাচন করে এখানে ছাত্র-ছাত্রীর সর্বাঙ্গীণ বিকাশের এবং তার কর্মমুখী শিক্ষায় দক্ষতা অর্জনের একটি সুযোগ করে দেওয়ার প্রচেষ্টা আছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি আয়োগের পাঠক্রম সংক্রান্ত নির্দেশাবলী অনুসরণ করে সেমেস্টার পদ্ধতিতে এই পাঠক্রমটি তৈরি করা হয়েছে। বাংলা সাহিত্য বিষয়ে এতাবৎ সর্বশ্রেষ্ঠ এবং সর্বাধিক গুরুত্বপূর্ণ পুস্তকগুলিকেই এই পাঠক্রমের নির্বাচিত পুস্তক হিসাবে তুলে ধরে ছাত্র-ছাত্রীর অভ্যন্তরীণ এবং বাহ্যিক বিকাশের পথকে সুগম করার চেষ্টা করা হয়েছে।

**প্রথম সেমেস্টার**

(Duration: July to Mid-January)

At least 15 direct teaching weeks in a semester and one week study leave before the end semester examination.

**পাঁচটি মূল পাঠক্রম, প্রতি পাঠক্রমের পূর্ণমান ৫০ এবং প্রতি পাঠক্রমের ক্রেডিট ৪ ও একটি সক্ষমতা বৃদ্ধিমূলক পাঠক্রম, যার পূর্ণমান ৫০, ক্রেডিট ২ থাকতে হবে। ৫X৫০= ২৫০+৫০=৩০০ নম্বর, মোট ক্রেডিট ৫X৪= ২০ +২=২২ ক্রেডিট, ৩৩ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

CODE: BNG2PCOROIT, **প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। বাঙালি রচিত সংস্কৃত-প্রাকৃত-অপভ্রংশ সাহিত্য, চর্যাপদ, শ্রীকৃষ্ণকীর্তন, অনুবাদ সাহিত্য ও চৈতন্যজীবনী সাহিত্য
২। মঙ্গলকাব্য: মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল, ধর্মমঙ্গল, শিবায়ন, অন্নদামঙ্গল।
৩। নাথ সাহিত্য।
৪। মৈমনসিংহ গীতিকা ও পূর্ববঙ্গ গীতিকা, রোমান্টিক প্রণয়কাহিনী।
৫। বৈষ্ণব পদাবলী, শাক্ত পদাবলী, কবিগান, টপ্পাগান, পাঁচালী।

সহায়ক গ্রন্থ:

১। দীনেশচন্দ্র সেন: বঙ্গভাষা ও সাহিত্য, ১ম খণ্ড ২। সুকুমার সেন: বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, ১ম ও ২য় খণ্ড
৩। অসিতকুমার বন্দ্যোপাধ্যায়: বাংলা সাহিত্যের ইতিবৃত্ত, ১ম-৪র্থ খণ্ড ৪। ভূদেব চৌধুরী: বাংলা সাহিত্যের ইতিকথা ১ম ও ২য় খণ্ড ৫। শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়: বাংলা সাহিত্যের বিকাশের ধারা, প্রথম খণ্ড ৬। গোপাল হালদার: বাংলা সাহিত্যের রূপরেখা, ১ম খণ্ড ৭। ক্ষেত্র গুপ্ত: বাংলা সাহিত্যের ইতিহাস।

Course outcome:

প্রথম সেমেস্টার প্রথম মূল পাঠক্রমে ছাত্র-ছাত্রীদের প্রাচীন ও মধ্যযুগের সমাজ, রাজনীতি, ধর্মনীতি, শিক্ষানীতি শিক্ষার পাশাপাশি সংস্কৃত-প্রাকৃত-অপভ্রংশ ভাষা শিক্ষা ও সেই সংক্রান্ত পাঠ্যপুস্তকে তার প্রয়োগ শেখানোর প্রয়াসে উপরোক্ত পাঁচটি একক নির্বাচন করা হয়েছে। ফলে এই পাঁচটি একক থেকে ছাত্র-ছাত্রীরা একাধারে প্রাচীন ও মধ্যযুগে লিখিত বাংলা পুস্তক, কবিদের মানসিকতা, সেকালের ভাষা, সমাজবাস্তবতা ও আর্থ-সামাজিক প্রেক্ষিতটি খুব সহজেই হৃদয়াঙ্গম করতে সমর্থ হবে। ছাত্র-ছাত্রীরা যাতে পরবর্তীকালে কর্মমুখী শিক্ষায় দক্ষতা অর্জন করতে পারে, সে বিষয়ে বিশেষভাবে নজর রেখে, এই পাঠক্রমের সঙ্গে উপযুক্ত একটি দক্ষতা বৃদ্ধিমূলক পাঠক্রমও যুক্ত করা হয়েছে।

CODE: BNG2PCORO2T, **আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। বাংলা গদ্য সাহিত্যের উদ্ভব ও বিকাশ।

২। বাংলা সাময়িক পত্রের উদ্ভব ও বিকাশ।

৩। বাংলা কাব্য ও কবিতার উদ্ভব ও বিকাশ (আখ্যানকাব্য, মহাকাব্য, গীতিকাব্য)।

৪। বাংলা কথাসাহিত্যের উদ্ভব ও বিকাশ।

৫। বাংলা রঙ্গমঞ্চ ও নাট্য সাহিত্যের উদ্ভব ও বিকাশ।

সহায়ক গ্রন্থ:

১। দীনেশচন্দ্র সেন: বঙ্গভাষা ও সাহিত্য, ২য় খণ্ড ২। সুকুমার সেন: বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, ৩য়-৫ম খণ্ড ৩। অসিতকুমার বন্দ্যোপাধ্যায়: বাংলা সাহিত্যের ইতিবৃত্ত, ৫ম-৯ম ৪। ভূদেব চৌধুরী: বাংলা সাহিত্যের ইতিকথা ৩য় ও ৪র্থ খণ্ড ৫। শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়: বাংলা সাহিত্যের বিকাশের ধারা, দ্বিতীয় খণ্ড ৬। গোপাল হালদার: বাংলা সাহিত্যের রূপরেখা, ২য় খণ্ড ৭। ক্ষেত্র গুপ্ত: বাংলা সাহিত্যের ইতিহাস।

Course outcome:

প্রথম সেমেস্টার দ্বিতীয় মূল পাঠক্রমে আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ে ছাত্র-ছাত্রীর সম্যক ধারণা তৈরি করার লক্ষ্যে মোট পাঁচটি এককে বাংলা সাহিত্যের গদ্য, সাময়িক পত্র, কবিতা, নাটক ও রঙ্গমঞ্চ এবং উপন্যাস ও ছোটগল্প রচনার ধারাসহ রচয়িতাদের বিস্তৃত পরিচয় শেখানোর প্রয়াস করা হয়েছে। কারণ, আধুনিককালে বাংলা সাহিত্যের গতিপ্রকৃতি ও সাহিত্য প্রকরণের স্বরূপ কী, সে সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণাকে স্পষ্ট করার প্রয়োজন আছে। বিশেষতঃ ছাত্র-ছাত্রীর কর্মমুখী শিক্ষায় আগ্রহী করে তোলার জন্য আধুনিক সাহিত্য প্রকরণের সঠিক সন্ধান ও তাদের প্রকৃত স্বরূপটি ছাত্র-ছাত্রীর কাছে তুলে ধারার প্রয়োজন অনুভব করেই এমন পাঠক্রমের পরিকল্পনা করা হয়েছে।

CODE: BNG2PCORO3T, **ভাষাতত্ত্ব পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। প্রাচীন-মধ্য ও নব্য ভারতীয় আর্যভাষা সম্পর্কে ধারণা।

২। প্রাচীন-মধ্য ও নব্য বাংলা ভাষা।

৩। বাংলা লিপির উদ্ভব ও বিকাশ।

৪। ভাষা বৈচিত্র্য: আঞ্চলিক-সামাজিক-সাহিত্যিক উপভাষা।

৫। ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব।

৬। বাংলা রূপতত্ত্ব ও বাংলা বাক্যতত্ত্ব।

৭। আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা।

৮। শব্দার্থতত্ত্ব।

৯। বাংলা শব্দভাণ্ডার।

১০। বাংলা সাধুভাষা ও চলিতভাষা।

সহায়ক গ্রন্থ:

১। সুনীতিকুমার চট্টোপাধ্যায়: ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ ২। সুকুমার সেন: ভাষার ইতিবৃত্ত ৩। রামেশ্বর শ: সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা ৪। পরেশচন্দ্র মজুমদার: সংস্কৃত ও প্রাকৃত ভাষার ক্রমবিকাশ ৫। মুহম্মদ আব্দুল হাই: ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব।

Course outcome:

প্রথম সেমেস্টার তৃতীয় মূল পাঠক্রমে মোট দশটি এককে বাংলা ভাষার উদ্ভব ও তার বিকাশ-সহ ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ থেকে নানান বিবর্তনের মধ্য দিয়ে কেমন করে আধুনিক বাংলা ভাষা রূপ পরিগ্রহ করেছে সে সম্পর্কে সম্যক ধারণা তৈরি করার চেষ্টা আছে। এই গুচ্ছে ছাত্র-ছাত্রীকে বাংলা ভাষা তৈরির ইতিহাস যেমন শেখানোর চেষ্টা করা হয়েছে, তেমনি এখানে বাংলা ভাষার ধ্বনিতত্ত্বের, রূপতত্ত্বের, শব্দতত্ত্বের, বাক্যতত্ত্বের দিকগুলি শেখানোরও প্রয়াস করা হয়েছে। এর বাইরে বাংলা ভাষার উপভাষা ও তার অঞ্চল, ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য, বাংলা শব্দভাণ্ডার, শব্দার্থ পরিবর্তন, ধ্বনি পরিবর্তন ইত্যাদি-সহ আধুনিক বাংলা ভাষা ও তার স্বরূপ এবং তার চর্চা ও বিবর্তনের ইতিহাস সম্পর্কে ছাত্র-ছাত্রীর সম্যক ধারণা তৈরির প্রয়াস করা হয়েছে।

## CODE: BNG2PCOR04T, ভাষাবিজ্ঞান: ক্রমবিকাশের ইতিহাস পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

১। পাশ্চাত্য ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস।

ক। পাশ্চাত্য ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস সম্পর্কে সাধারণ ধারণা।

খ। প্লেটো, অ্যারিস্টটল, দান্তে, উইলিয়াম জোন্স, য়াকব গ্রিম, ম্যাক্স মূলার, জর্জ আব্রাহাম গ্রীয়ারসন, ব্রুস এল পিয়ারসন, ফের্দনা দ্য সোস্যুর, লিওনার্ড ব্লুমফিল্ড, প্রাগ্-গোষ্ঠী, আব্রাহাম নোয়াম্ চমস্কি প্রমুখ ভাষাবিদের ভাষাবিজ্ঞান চর্চায় অবদানের ইতিহাস সম্পর্কে ধারণা।

২ প্রাচ্য ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস।

ক। প্রাচ্য ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস সম্পর্কে সাধারণ ধারণা।

খ। পাণিনি, কাত্যায়ন, পতঞ্জলি, ভতৃহরি, বামন, সুনীতিকুমার চট্টোপাধ্যায়, মুহম্মদ শহীদুল্লাহ, সুকুমার সেন, জ্যোতিভূষণ চাকি, পরেশচন্দ্র মজুমদার, রামেশ্বর শ, পবিত্র সরকার প্রমুখ ভাষাবিদের ভাষাবিজ্ঞান চর্চায় অবদানের ইতিহাস সম্পর্কে ধারণা।

৩। বাংলা ব্যাকরণ চর্চা।

ক। ব্যাকরণের সংজ্ঞা, স্বরূপ ও বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাস সম্পর্কে সাধারণ ধারণা।

খ। মানোএল-দা-আসুস্পাঁও, ন্যাথানিয়েল ব্রাসি হ্যালহেড, উইলিয়ম কেরী, উইলিয়ম ইয়েটস্, জেমস্ কীথ, চামনি হটন, ডানকান ফর্বেস, রাজা রামমোহন রায় প্রমুখ ব্যক্তির বাংলা ব্যাকরণ চর্চা সম্পর্কে ধারণা।

সহায়ক গ্রন্থ:

১। সুনীতিকুমার চট্টোপাধ্যায়: ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ ২। সুকুমার সেন: ভাষার ইতিবৃত্ত ৩। রামেশ্বর শ: সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা ৪। পরেশচন্দ্র মজুমদার: সংস্কৃত ও প্রাকৃত ভাষার ক্রমবিকাশ ৫। মুহম্মদ আব্দুল হাই: ধ্বনি-বিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব।

Course outcome:

প্রথম সেমেস্টার চতুর্থ মূল পাঠক্রমে ভাষাচর্চার ইতিহাস সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণা স্পষ্ট করার জন্য তিনটি এককে মোট ছয়টি উপ-এককে যথাক্রমে পাশ্চাত্য, প্রাচ্য ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস-সহ বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাস পাঠ্য বিষয়ভুক্ত হয়েছে। প্রতিটি ক্ষেত্রে নির্বাচিত কয়েকজন উল্লেখযোগ্য ভাষাতত্ত্ববিদের ভাষাবিজ্ঞান চর্চায় অবদান আলোচনা করে বিষয়টি সম্পর্কে ছাত্র-ছাত্রীদের ধারণা স্পষ্ট করার প্রয়াস করা হয়েছে।

**CODE: BNG2PCOR05T, প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। চর্যাপদ (নির্বাচিত ১০টি পদ)।

২। বড়ু চণ্ডীদাস রচিত শ্রীকৃষ্ণকীর্তন (নির্বাচিত অংশ)।

৩। কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী রচিত শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (নির্বাচিত অংশ)।

সাহায়ক গ্রন্থ:

১। হরপ্রাসাদ শাস্ত্রী: হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা ২। প্রবোধচন্দ্র বাগচী: চর্যাশ্চর্যবিনিশ্চয় ৩। মণীন্দ্রমোহন বসু: চর্যাপদ ৪। জাহ্নবীকুমার চক্রবর্তী: চর্যাগীতির ভূমিকা ৫। নির্মল দাশ: চর্যাগীতি পরিক্রমা ৬। নীলরতন সেন: চর্যাগীতিকোষ ৭। বসন্তরঞ্জন রায়: শ্রীকৃষ্ণকীর্তন, চণ্ডীদাস বিরচিত ৮। তারাপদ মুখোপাধ্যায়: শ্রীকৃষ্ণকীর্তন ৯। অমিত্রসূদন ভট্টাচার্য: বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন সমগ্র ১০। কল্যাণীশঙ্কর ঘটক: শ্রীকৃষ্ণকীর্তন ১১। সুকুমার সেন ও তারাপদ মুখোপাধ্যায় সম্পাদিত কৃষদাস বিরচিত শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত ১২। অমিত্রসূদন ভট্টাচার্য: পরামৃত শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত ১৩। উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় সম্পাদিত শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত।

Course outcome:

প্রথম সেমেস্টার পঞ্চম মূল পাঠক্রমে প্রাচীন ও মধ্যযুগের সর্বাধিক গুরুত্বপূর্ণ, অবশ্যপাঠ্য এবং বহু চর্চিত তিনটি বিখ্যাত পাঠ্যপুস্তক নির্বাচন করা হয়েছে। চর্যাপদ নামের পাঠ্যপুস্তকে অষ্টম থেকে দ্বাদশ শতাব্দীর বৌদ্ধ তান্ত্রিক সহজিয়া সম্প্রদায়ের ধর্মচর্চার স্বরূপ, সমকালীন সমাজের আর্থ-সামাজিক, ধর্মীয়, রাজনৈতিক প্রেক্ষিত-সহ প্রাচীন বাংলা ভাষার স্বরূপ এবং কবিদের কাব্যরচনার কৌশল ও দক্ষতাকে ধরবার প্রয়াস আছে। শ্রীকৃষ্ণকীর্তন গ্রন্থে প্রাক মধ্যযুগের বাংলা ভাষার স্বরূপ যেমন ধরা পড়েছে তেমনি নাটগীতি পাঁঞ্চালিকার প্রকরণটি শেখানোর লক্ষ্যে এমন একটি পুস্তক নির্বাচন করা হয়েছে। রাধা-কৃষ্ণ প্রেমকথা নিয়ে গ্রন্থ রচনার ইতিহাস ও বাংলা ভাষা চর্চার ইতিহাস এই দুই দিক গ্রন্থটির মধ্যে বিশেষত্বের দিক হিসাবে ছাত্র-ছাত্রীর কাছে তুলে ধরে তাদের জ্ঞানের পরিধি বৃদ্ধির প্রয়াস করা হবে। আর ষোড়শ শতকে চৈতন্য মহাপ্রভুকে কেন্দ্র করে যে ধর্ম আন্দোলন ও সাহিত্য রচিত হয়েছিল সে সম্পর্কে সম্যক ধারণা তৈরি করার লক্ষ্যে শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতের মতো একটি তত্ত্বগ্রন্থ পাঠ্যপুস্তক হিসাবে নির্বাচন করা হয়েছে।

**CODE: BNG2PAEC01M, (AEC) সক্ষমতা বৃদ্ধিমূলক পাঠক্রম (৫০ নম্বর, ক্রেডিট ০২), ৩ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। কম্পিউটারে বাংলা লিখন।

২। বাংলা বানান চর্চা।

৩। বাংলা পত্রলিখন।

Course outcome:

বাংলা সাহিত্যের ছাত্র-ছাত্রীদের গবেষণাসহ অন্যান্য ক্ষেত্রে নিজের কর্মদক্ষতা ও সক্ষমতা বাড়ানোর জন্য কম্পিউটারে বাংলা লিখন, বাংলা বানান শিক্ষা ও পত্রলিখন শিক্ষা জরুরী। এতে ছাত্র-ছাত্রীর কর্মদক্ষতা বৃদ্ধি পাবে। সেইসঙ্গে বাংলা বানান সম্পর্কিত ধারণা স্পষ্ট হলে তাদের কর্মসংস্থান বাড়বে। পত্রিকার সম্পাদক, প্রুফ সংশোধন-সহ অন্যান্য স্থানে কর্ম করার সুযোগ পাবে।

## দ্বিতীয় সেমেস্টার

(Duration: Mid-January to June)

At least 15 direct teaching weeks in a semester and one week study leave before the end semester examination.

**পাঁচটি মূল পাঠক্রম, প্রতি পাঠক্রমের পূর্ণমান ৫০ এবং প্রতি পাঠক্রমের ক্রেডিট ৪, ৫X৫০= ২৫০ নম্বর, মোট ৫X৪= ২০ ক্রেডিট, ৩০ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

CODE: BNG2PCOR06T, **বাংলা কাব্য ও কবিতা পাঠ, প্রথম পর্ব (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। মধুসূদন দত্ত রচিত **মেঘনাদবধ কাব্য।**

২। বিহারীলাল চক্রবর্তী রচিত **সাধের আসন।**

৩। রবীন্দ্রনাথ ঠাকুর: **চিত্রা।**

সাহায়ক গ্রন্থ:

Course outcome:

দ্বিতীয় সেমেস্টার প্রথম মূল পাঠক্রমে উনিশ শতকের প্রতিনিধি স্থানীয় তিনটি কাব্য পাঠ্য বিষয় হিসাবে নির্বাচিত হয়েছে। বাংলা সাহিত্যিক মহাকাব্য ধারার শ্রেষ্ঠ কাব্য মেঘনাদবধ কাব্য, গীতিকাব্যধারার সাধের আসন ও উনিশ শতকের রবীন্দ্রকাব্য চিত্রা এই গুচ্ছে পাঠ্য বিষয়ভুক্ত হয়েছে।

CODE: BNG2PCOR07T, **বাংলা কাব্য ও কবিতা পাঠ, দ্বিতীয় পর্ব (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। নজরুল ইসলাম: **সঞ্চিতা** (নির্বাচিত কবিতা)

২। জীবনানন্দ দাশ: **বনলতা সেন** (নির্বাচিত কবিতা)

৩। বুদ্ধদেব বসু সম্পাদিত **আধুনিক বাংলা কবিতা।**

(সুধীন্দ্রনাথ দত্ত, অমিয় চক্রবর্তী, প্রেমেন্দ্র মিত্র, বুদ্ধদেব বসু, বিষ্ণু দে, সমর সেন, সুভাষ মুখোপাধ্যায়, সুকান্ত ভট্টাচার্য প্রমুখ কবির নির্বাচিত কবিতা।)

Course outcome:

দ্বিতীয় সেমেস্টার দ্বিতীয় মূল পাঠক্রমে বাংলা কাব্য ও কবিতায় নজরুল ইসলামের সঞ্চিতা, জীবনানন্দ দাশ রচিত বনলতা সেন ও আধুনিক কবিদের রচিত কাব্য ও কবিতা পাঠ্য হিসাবে নির্বাচিত হয়েছে। রবীন্দ্রনাথের পর বাংলা কবিতার মুক্তি যাঁর হাত ধরে হয়েছিল বলে সমালোচকগণ মনে করেন, সেই বিদ্রোহী কবির কবিতা সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণাকে স্পষ্ট করার জন্য নজরুলের সঞ্চিতা কাব্যের কবিতা পাঠ্য বিষয় করা হয়েছে। আধুনিক বাংলা কবিদের মধ্যে হতাশা ও মৃত্যুচেতনার কবি হিসাবে পরিচিত হলেও পল্লী প্রকৃতির রূপ বর্ণনা ও বাংলা কবিতায় পাশ্চাত্য সাহিত্যতত্ত্বের প্রয়োগ যাঁর কবিতায় সার্থকতা পেয়েছে সেই বিখ্যাত কবি জীবনানন্দ দাশ- এর রচনার স্বরূপ ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরার জন্য বনলতা সেন কাব্যগ্রন্থের কবিতা পাঠ্য করা হয়েছে। আর আধুনিক কালের বাংলা কবিতার রূপ, স্বরূপ ও ধারা সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবহিত করার জন্য আধুনিক কবিদের রচিত কবিতা পাঠ্য বিষয়ভুক্ত করা হয়েছে।

CODE: BNG2PCOR08T, **বাংলা কথাসাহিত্য পাঠ, প্রথম পর্ব (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত **বিষবৃক্ষ।**

২। শরদিন্দু বন্দ্যোপাধ্যায় রচিত **তুঙ্গভদ্রার তীরে**।

৩। অসিতকুমার বন্দ্যোপাধ্যায় ও অজিতকুমার ঘোষ এবং অশ্রুকুমার সিকদার ও কবিতা সিংহ সংকলিত ও সম্পাদিত **বাংলা গল্প সংকলন ১ম ও ২য় খণ্ড**, (নির্বাচিত গল্প), সাহিত্য অকাদেমি প্রকাশিত।

Course outcome:

দ্বিতীয় সেমেস্টার তৃতীয় মূল পাঠক্রমে বাংলা কথাসাহিত্য পাঠ্য তালিকাভুক্ত হয়েছে। প্রথম এককে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বিখ্যাত সামাজিক উপন্যাস বিষবৃক্ষ, দ্বিতীয় এককে শরদিন্দু বন্দ্যোপাধ্যায় রচিত ঐতিহাসিক রোমান্স মূলক উপন্যাস তুঙ্গভদ্রার তীরে এবং তৃতীয় এককে উনিশ শতকের নির্বাচিত ছোটগল্প পাঠ্যতালিকাভুক্ত হয়েছে। কথাসাহিত্যের গতিপ্রকৃতি ও সাহিত্যধারা সম্পর্কে ছাত্র-ছাত্রীদের সম্যক ধারণা তৈরি করাই এই নির্বাচনের মূল লক্ষ্য।

**CODE: BNG2PCORO9T, বাংলা কথা-সাহিত্য পাঠ, দ্বিতীয় পর্ব (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত **রাধা**।

২। আশাপূর্ণা দেবী রচিত **প্রথম প্রতিশ্রুতি**।

৩। অশ্রুকুমার সিকদার ও কবিতা সিংহ এবং সুনীল গঙ্গোপাধ্যায় সংকলিত ও সম্পাদিত **বাংলা গল্প সংকলন ৩য় ও ৪র্থ খণ্ড**, (নির্বাচিত গল্প), সাহিত্য অকাদেমি প্রকাশিত।

Course outcome:

দ্বিতীয় সেমেস্টার চতুর্থ মূল পাঠক্রমেও বাংলা কথা-সাহিত্য পাঠ্য বিষয় হিসাবে নির্বাচিত হয়েছে। এই গুচ্ছের প্রথম এককে রাঢ় বাংলার রূপকার তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত রাধা উপন্যাসটি পাঠ্য করার কারণ চৈতন্য মহাপ্রভুর মৃত্যুর পর বৈষ্ণব ধর্মের গতিপ্রকৃতি সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবহিত করা। বিশ শতকে নারী স্বাধীনতা নারীর লেখায় কেমনভাবে প্রকাশিত হয়েছে সে সম্পর্কে সম্যক ধারণা তৈরি করার লক্ষ্যে প্রথম প্রতিশ্রুতি উপন্যাসটির নির্বাচন। সমকালীনতা, সংসারনীতি, নারী-পুরুষের দাম্পত্য সম্পর্ক ও বিশ শতকের পুরুষ শাসিত সামাজে নারীর অবস্থান ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরাই এই নির্বাচনের মূল লক্ষ্য। আর বাংলা ছোটগল্পের ধারা বিশ শতকে কেমনভাবে প্রভাব বিস্তার করেছিল, পাশ্চাত্য সাহিত্যতত্ত্বের প্রয়োগ বাংলা ছোটগল্পকে কেমনভাবে প্রভাবিত করেছিল, সে সম্পর্কে ছাত্র-ছাত্রীদের ধারণা তৈরি করার জন্য বিশ শতকের বাংলা ছোটগল্পের নির্বাচন।

**CODE: BNG2PCOR10T, বাংলা প্রবন্ধ সাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত **লোকরহস্য** (নির্বাচিত প্রবন্ধ)।

২। স্বামী বিবেকানন্দ রচিত **প্রাচ্য ও পাশ্চাত্য**

৩। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত **বিচিত্র প্রবন্ধ** (নির্বাচিত প্রবন্ধ)।

সহায়ক গ্রন্থ:

১। বঙ্কিমচন্দ্র রচনাবলী ৩য় খণ্ড (পশ্চিমবঙ্গ সরকার) ২। স্বামী বিবেকানন্দ: প্রাচ্য ও পাশ্চাত্য

৩। রবীন্দ্রনাথ ঠাকুর: বিচিত্র প্রবন্ধ।

Course outcome:

চতুর্থ সেমেস্টার পঞ্চম মূল পাঠক্রমে উনিশ ও বিশ শতকের প্রবন্ধ পাঠ্য বিষয় হিসাবে নির্বাচন করা হয়েছে। সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্রের ভাষাশৈলী ও জীবনদর্শন বোঝাতে সুখপাঠ্য গ্রন্থ লোকরহস্য পাঠ্য বিষয় করা হয়েছে। আবার বিশ শতকের বাংলা গদ্য রচনার ধারা বোঝাতে স্বামী বিবেকানন্দের প্রাচ্য ও পাশ্চাত্য গ্রন্থটি নির্বাচিত হয়েছে। আর বিভিন্ন বিষয়ে রবীন্দ্রনাথের সুচিন্তিত বক্তব্য ছাত্র-ছাত্রীর কাছে তুলে ধরার অভিপ্রায়ে বিচিত্র প্রবন্ধ গ্রন্থটির নির্বাচন করা হয়েছে।

## তৃতীয় সেমেস্টার

(Duration: July to December)

At least 15 direct teaching weeks in a semester and one week study leave before the end semester examination.

**পাঁচটি মূল পাঠক্রম, যার মধ্যে দুটি বিশেষ পত্র (Discipline Specific Elective/DSE), প্রতি পাঠক্রমের পূর্ণমান ৫০ এবং প্রতি পাঠক্রমের ক্রেডিট ৪ ও একটি দক্ষতা বৃদ্ধিমূলক পাঠক্রম, যার পূর্ণমান ৫০, ক্রেডিট ২ থাকতে হবে। ৫X৫০= ২৫০+৫০=৩০০ নম্বর, মোট ক্রেডিট ৫X৪= ২০ +২=২২ ক্রেডিট, ৩৩ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

**তৃতীয় ও চতুর্থ সেমেস্টারে ১। প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (DSE-I), ২। বাংলা কথাসাহিত্য পাঠ (DSE-I), ৩। ভাষাতত্ত্ব পাঠ (DSE-I), ৪। রবীন্দ্রসাহিত্য পাঠ (DSE-I), ৫। তুলনামূলক সাহিত্য পাঠ (DSE-I), ৬। লোকসংস্কৃতি পাঠ (DSE-I), শিরোনামে মোট ছয়টি বিশেষ পত্র (Discipline Specific Elective/DSE) পাঠ্যতালিকাভুক্ত হয়েছে, যার থেকে একটি বিশেষ পত্র (তৃতীয় সেমেস্টারে ৫০+৫০-১০০ নম্বর ও চতুর্থ সেমেস্টারে ৫০+৫০-১০০) ছাত্র-ছাত্রীকে নির্বাচন করতে হবে। তৃতীয় ও চতুর্থ সেমেস্টার মিলিয়ে ঐ একই বিশেষ পত্রে ছাত্র-ছাত্রীকে মোট ২০০ নম্বরের ( মোট চারটি পত্র) পাঠক্রম পড়তে হবে।**

### ১। বিশেষ পত্র: প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (DSE-I)

**CODE: BNG2PDSE01T, বিশেষ পত্র: প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। জয়দেব গোস্বামী রচিত **শ্রীশ্রীগীতগোবিন্দম্**।

২। মুকুন্দ চক্রবর্তী রচিত **চণ্ডীমঙ্গল**।

৩। বৃন্দাবন দাস রচিত **শ্রীশ্রীচৈতন্যভাগবত**।

সহায়ক গ্রন্থ:

১। হরেকৃষ্ণ মুখোপাধ্যায় সম্পাদিত শ্রীশ্রীগীতগোবিন্দম্ ২। সুকুমার সেন সম্পাদিত কবিকঙ্কণ-বিরচিত চণ্ডীমঙ্গল ৩। ক্ষুদিরাম দাস সম্পাদিত কবিকঙ্কণ চণ্ডী(১ম খণ্ড) ৪। বিজিতকুমার দত্ত সম্পাদিত কবিকঙ্কণ চণ্ডী ৫। মোহিনীমোহন সরদার- কবিকঙ্কণ চণ্ডী: বৈচিত্র্যের অনুসন্ধান ৬। বিশ্বনাথ রায় সম্পাদিত কবিকঙ্কণ মুকুন্দের চণ্ডীমঙ্গল বীক্ষা ও সমীক্ষা ৭। সুকুমার সেন সম্পাদিত বৃন্দাবন দাস রচিত চৈতন্যভাগবত ৮। বিষ্ণুপদ পাণ্ডা সম্পাদিত শ্রীশ্রীচৈতন্যভাগবত।

Course outcome:

তৃতীয় সেমেস্টার Discipline Specific Elective(DSE-1) কোর্সের প্রথমটিতে প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ শিরোনামে একটি বিশেষ পত্র রাখা হয়েছে। বিশেষ পত্র হিসাবে ছাত্র-ছাত্রীদের কাছে এই মূল পাঠক্রমের গুরুত্ব অপরিসীম। এখানে দ্বাদশ শতকের সংস্কৃত ভাষার বিখ্যাত কবি জয়দেব গোস্বামী রচিত শ্রীশ্রীগীতগোবিন্দম, মুকুন্দ চক্রবর্তী বিরচিত চণ্ডীমঙ্গল এবং বৃন্দাবন দাস লিখিত শ্রীশ্রীচৈতন্যভাগবত নামের তিনটি বিখ্যাত গ্রন্থ পাঠ্য পুস্তক হিসাবে নির্বাচন করা হয়েছে। সংস্কৃত ও ভাঙা বাংলায় রাধা-কৃষ্ণ বিষয়ক যে কাব্য জয়দেব গোস্বামী লিখেছিলেন সেই কাব্যকে সামনে রেখে মধ্যযুগে অনেক কবিই কাব্যরচনা করেছেন। তাই বাংলা সাহিত্যে কবি জয়দেবের প্রভাব অস্বীকার করা যায় না। জয়দেবের কাব্য সম্পর্কে ছাত্র-ছাত্রীদের সম্যক ধারণা তৈরি করাই এই নির্বাচনের মূল লক্ষ্য। ষোড়শ শতকের বিখ্যাত কবি মুকুন্দ চক্রবর্তী তাঁর চণ্ডীমঙ্গল কাব্যে তৎকালীন সমাজের ইতিহাস, ভূগোল, জমি সেটেলমেন্টসহ নানান ঐতিহাসিক তথ্য প্রদান করে বিখ্যাত হয়েছেন। মঙ্গলকাব্যের পুরোধা কবি হিসাবেও তিনি এযুগে বিশেষ সম্মানের অধিকারী। এমনই একজন

কবির কাব্য যে বছর বছর ছাত্র-ছাত্রীদের আগ্রহের বিষয়বস্তু হয়ে উঠবে তাতে কোনো সন্দেহ নেই। সেই নিরিখেই চণ্ডীমঙ্গল কাব্যকে আমরা পাঠ্যবিষয় হিসাবে নির্বাচন করেছি। আর চৈতন্য মহাপ্রভুকে নিয়ে যিনি প্রথম বাংলা ভাষায় জীবনী কাব্য লিখলেন, তিনি ও তাঁর রচিত শ্রীশ্রীচৈতন্যভাগবত বাঙালি জাতি ও বাংলা ভাষার অমূল্য সম্পদ। এ সম্পর্কে ছাত্র-ছাত্রীর সম্যক ধারণা থাকা বাঞ্ছনীয়। সেই মহৎ উদ্দেশ্য পূরণের লক্ষ্যে এই গ্রন্থ পাঠ্য তালিকাভুক্ত করা হয়েছে।

**২। বিশেষ পত্র: বাংলা কথাসাহিত্য পাঠ (DSE-I)**

**CODE: BNG2PDSE01T, বিশেষ পত্র: বাংলা কথাসাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। উপন্যাসের তত্ত্ব ও শৈলী সম্পর্কিত সাধারণ ধারণা, উপন্যাসের উদ্ভবের সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস।

২। উনিশ শতকের উপন্যাস ( যে কোনো একটি উপন্যাস পাঠ্য) রমেশচন্দ্র দত্ত রচিত **মহারাষ্ট্র জীবন প্রভাত**/ তারকনাথ গঙ্গোপাধ্যায় রচিত **স্বর্ণলতা**/ স্বর্ণকুমারী দেবী রচিত **কাহাকে**।

৩। বিশ শতকের উপন্যাস (যে কোনো একটি উপন্যাস পাঠ্য) ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায় রচিত **অন্তঃশীলা**/ বুদ্ধদেব বসু রচিত **তিথিডোর**/ গোপাল হালদার রচিত **একদা**।

সহায়ক গ্রন্থ:

১। শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়: বঙ্গ সাহিত্যে উপন্যাসের ধারা ২। ক্ষেত্র গুপ্ত: বাংলা উপন্যাসের ইতিহাস ৩। সরোজ বন্দ্যোপাধ্যায়: বাংলা উপন্যাসের কালান্তর ৪। দেবেশ রায়: উপন্যাস নিয়ে ৫। দেবীপদ ভট্টাচার্য: উপন্যাসের কথা ৬। শ্রীশচন্দ্র দাশ: সাহিত্য সন্দর্শন ৭। উজ্জ্বলকুমার মজুমদার: সাহিত্য ও সমালোচনার রূপরীতি ৮। অপূর্ব কুমার রায়: সাহিত্য রূপবিচিত্রা ৯। কুন্তল চট্টোপাধ্যায়: সাহিত্যের রূপরীতি ও অন্যান্য প্রসঙ্গ ১০। অলোক রায়: সাহিত্য কোষ: কথাসাহিত্য ১১। গোপিকানাথ রায় চৌধুরী: দুই বিশ্বযুদ্ধের মধ্যবর্তী বাংলা কথা সাহিত্য ১২। অরুণকুমার মখোপাধ্যায়: বাংলা উপন্যাসের রূপ ও রীতির পালাবদল। ১৩। আনিসুজ্জামান সম্পাদিত তারকনাথ গঙ্গোপাধ্যায় রচিত স্বর্ণলতা ১৪। প্রমথনাথ বিশী ও পবিত্র সরকার সম্পাদিত স্বর্ণলতা ১৫। পশুপতি শাশমল সম্পাদিত স্বর্ণকুমারী ও বাংলা সাহিত্য।

Course Outcome:

তৃতীয় সেমেস্টার Discipline Specific Elective(DSE-1) কোর্সের প্রথম মূল পাঠক্রমে উপন্যাসের তত্ত্ব ও শৈলী সম্পর্কিত সাধারণ ধারণা, উপন্যাসের উদ্ভবের সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস-সহ উনিশ ও বিশ শতকের উপন্যাস পাঠ্য হিসেবে নির্বাচিত হয়েছে। বিশেষপত্র হিসেবে ছাত্র-ছাত্রীদের কাছে এই পাঠক্রমের বিশেষ গুরুত্ব আছে। ইউরোপের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবে বাংলা সৃজনধর্মী সাহিত্য ও তার নানান তত্ত্ব-দর্শন নিঃসন্দেহে আজ সমৃদ্ধ। বাংলা কথাসাহিত্যের পাশ্চাত্যতত্ত্ব ও শৈলীগত অনুধাবনা এবং প্রকরণগত রীতিপদ্ধতির দিকে আমাদের উন্মুখতা কিন্তু উনিশ শতক থেকেই বিদ্যমান। আজ দেশ-কালের মাত্রা সহ উপন্যাসের সমালোচনা ও বিশ্লেষণের ব্যাপ্তি তথা বৈচিত্র্য বাংলায় আত্মপ্রকাশ করেছে নব নব রূপে। তার পাঠ ও জ্ঞানান্বেষণ বিশেষপত্রের ছাত্র-ছাত্রীদের জন্যে বিশেষ গুরুত্বপূর্ণ। এর দ্বারা ছাত্র-ছাত্রীরা বিশেষভাবে সমৃদ্ধ হয়ে উঠবে। আগের এককের সূত্র ধরে বাংলা উপন্যাস উদ্ভবের সূচনা পর্ব থেকে তিনটি উপন্যাস অন্তর্ভুক্ত করা হয়েছে। ছাত্র-ছাত্রীদের বোধ ও চিন্তা প্রসারের জন্যে এই এককে পাঠ্য হিসেবে একটি উপন্যাসকে বেছে নেওয়া হবে। উপন্যাসগুলি পাঠ ও পর্যালোচনার বিশেষ মাত্রাজ্ঞাপক। প্রথমটি, স্বাদেশিকতা জাগরণ ও দেশাত্মপ্রেমের গৌরবমূলক উজ্জ্বল নিদর্শন, রমেশচন্দ্র দত্তের 'মহারাষ্ট্র জীবনপ্রভাত', দ্বিতীয়টি তারকনাথ গঙ্গোপাধ্যায়ের 'স্বর্ণলতা' বাংলার মধ্যবিত্ত পারিবারিক জীবনের সুখ-দুঃখ ভরা বাস্তব অভিজ্ঞতা সঞ্জীবিত নিখুঁত চিত্র সম্বলিত উপন্যাস। বাংলা উপন্যাস উদ্ভবের ইতিহাসে এই উপন্যাসটিকে মাইলস্টোন বলা যায়। এবং তৃতীয়টি স্বর্ণকুমার দেবীর 'কাহাকে', সামাজিক উপন্যাস। মনোবিশ্লেষণ ঢঙে আত্মকথন রীতিতে লেখা। উনিশ শতকের কোনো মহিলা-ঔপন্যাসিকের এই লেখা সত্যিই ইতিহাসে

গুরুত্বপূর্ণ মাইলফলক স্বরূপ। চেতনা-প্রবাহ মূলক উপন্যাসের বীজের মধ্যে নিহিত। ছাত্র-ছাত্রীদের জন্যে এর গুরুত্ব অপরিসীম। এই এককে প্রকরণগত চেতনা-প্রবাহমূলক চিন্তার বিবর্তনের আলেখ্যে নির্মিত তিনটি উপন্যাস, যথা, ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়ের 'অন্তঃশীলা', বুদ্ধদেব বসুর 'তিথিডোর' এবং গোপাল হালদারের 'একদা'। বেছে নেওয়া একটি উপন্যাস পাঠ্য হিসাবে রাখা হবে, যা তাদের উপন্যাসের তত্ত্ব ও শৈলীগত নানা দিক অনুধাবনের পক্ষে সহায়ক হবে।

## ৩। বিশেষ পত্র: ভাষাতত্ত্ব পাঠ (DSE-I)

**CODE: BNG2PDSE01T, বিশেষ পত্র: ভাষাতত্ত্ব পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**
**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

**পত্রের নাম : বাংলা ভাষার ইতিহাস, উপভাষা ও ভাষাবিজ্ঞান**

১। পৃথিবীর ভাষাবংশ সমূহ, ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ, বাংলা ভাষার যুগবিভাগ (সময়কাল, নিদর্শন, বৈশিষ্ট্য), বাংলা ভাষায় অনার্য প্রভাব, বাংলা ভাষায় বিদেশিপ্রভাব।

২। বাঙমীমাংসা, ভাষাতত্ত্ব, ভাষাবিজ্ঞান (সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য), ঐতিহাসিক ভাষাবিজ্ঞান, বর্ণনামূলক ভাষাবিজ্ঞান, তুলনামূলক ভাষাবিজ্ঞান, রূপান্তরমূলক ও সৃজনমূলক ব্যাকরণ (সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য), ভাষা-উপভাষা সম্পর্ক, উপভাষার লক্ষণ, সংগ্রহ পদ্ধতি, জরিপ।

৩। ভাষাতাত্ত্বিক ব্যাখ্যা :

- প্রাচীনবাংলা চর্যাপদ (১,২,৫,৬,৮)
- আদি-মধ্যবাংলা- শ্রীকৃষ্ণকীর্তন (বংশীখন্ড)
- অন্নদামঙ্গল- প্রথমখন্ড
- আলালের ঘরের দুলাল- প্যারীচাঁদ মিত্র
- ছেলেবেলা- রবীন্দ্রনাথ ঠাকুর
- আধুনিক ভাষার নিদর্শন- বিবেকানন্দ, প্রমথ চৌধুরী, বুদ্ধদেব বসু, নবারুণ ভট্টাচার্য, আশাপূর্ণা দেবী, সুধীন্দ্রনাথ দত্ত, শম্ভু মিত্র, কমলকুমার মজুমদার, নীরদ চৌধুরী।

Course Outcome:

ভাষাতত্ত্ব ও ভাষাবিজ্ঞান বিশেষপত্র শাখার ছাত্র-ছাত্রীরা প্রথম পত্রের প্রথম এককে বাংলা ভাষার উৎস ও ইতিহাস সম্পর্কে অবগত হওয়ার জন্য পৃথিবীর ভাষা বংশসমূহের পরিচয় জানবে। একই সঙ্গে বাংলা ভাষায় আর্য, অনার্য ও বিদেশীদের প্রভাব সম্পর্কে জানবে। দ্বিতীয় এককে ভাষাবিজ্ঞান চর্চার প্রকারভেদ ও ভাষা-উপভাষার সম্পর্ক, সংগ্রহ ও জরিপ কৌশল আয়ত্ত করবে এবং তৃতীয় এককে প্রাচীন বাংলা ভাষা থেকে আধুনিক বাংলা ভাষার নির্দিষ্ট সাহিত্যিক নিদর্শনের মাধ্যমে ভাষাতাত্ত্বিক ব্যাখ্যার সঙ্গে পরিচিত হতে পারবে।

## ৪। বিশেষ পত্র: রবীন্দ্রসাহিত্য পাঠ (DSE-I)

**CODE: BNG2PDSE01T, বিশেষ পত্র: রবীন্দ্রসাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**
**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। **বলাকা** (নির্বাচিত কবিতা)

২। **শেষসপ্তক** (নির্বাচিত কবিতা)

৩। **নাট্যকবিতা**

ক। কর্ণকুন্তী সংবাদ    খ। বিদায় অভিশাপ    গ। গান্ধারীর আবেদন

সহায়ক গ্রন্থ:

১। ক্ষিতিমোহন সেন- বলাকা-কাব্য-পরিক্রমা, ২। উপেন্দ্রনাথ ভট্টাচার্য- রবীন্দ্রকাব্য পরিক্রমা, ৩। প্রমথনাথ বিশী- রবীন্দ্রকাব্য প্রবাহ, ৪। সুকুমার সেন- বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (চতুর্থ খণ্ড), ৫। অসিতকুমার বন্দ্যোপাধ্যায়- বাংলা

সাহিত্যের ইতিবৃত্ত (দশম খণ্ড), ৬। আনন্দময় ভট্টাচার্য- রবীন্দ্রকাব্য চর্চার নানা দিগন্ত, ৭। চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়- রবিরশ্মি, ৮। জগদীশ ভট্টাচার্য- রবীন্দ্র কবিতা শতক, ৯। বিশ্বপতি চৌধুরী- কাব্যে রবীন্দ্রনাথ, ১০। অজিতকুমার চক্রবর্তী- রবীন্দ্রনাথ ও কাব্য পরিক্রমা, ১১। জীবেন্দ্র সিংহরায়- রবীন্দ্র নির্মাণ: কবিতার অবয়ব, ১২। জ্যোতির্ময় ঘোষ- রবীন্দ্র কবিতালোক (১ম, ২য়, ৩য়)।

Course Outcome:

তৃতীয় সেমেস্টার Discipline Specific Elective (DSE-I) কোর্সের প্রথম মূল পাঠক্রমে রবীন্দ্রকাব্য পাঠ শিরোনামে রবীন্দ্রনাথ ঠাকুর লিখিত নির্বাচিত কয়েকটি কাব্যের বিশেষ পাঠ নির্বাচন করা হয়েছে। বিশেষপত্র হিসাবে ছাত্র-ছাত্রীদের কাছে এই গুচ্ছের গুরুত্ব অপরিসীম। কারণ এই গুচ্ছে কবি হিসাবে রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিভার ভিন্ন ভিন্ন দিকগুলি যাতে ছাত্র-ছাত্রীদের কাছে প্রতিষ্ঠিত হয়, সেদিকে বিশেষভাবে খেয়াল রাখা হয়েছে। গতিতত্ত্ব-সহ রবীন্দ্র-দর্শনের বিভিন্ন দিকগুলি যাতে ছাত্র-ছাত্রীদের কাছে প্রতিভাত হয়, সেজন্য প্রথম ও দ্বিতীয় এককে যথাক্রমে বলাকা ও শেষ সপ্তক কাব্যগ্রন্থ দুটির পাঠ নির্বাচিত হয়েছে। নাট্যকবিতার আঙ্গিক ও বিষয় বৈচিত্র্য বোঝানোর জন্য তৃতীয় এককে তিনটি নাট্যকবিতার পাঠকে সুনির্দিষ্ট করা হয়েছে। সবমিলিয়ে কবি রবীন্দ্রনাথের পরিচয়টি ছাত্র-ছাত্রীদের কাছে প্রতিষ্ঠিত করাই এই গুচ্ছের মূল উদ্দেশ্য।

## ৫। বিশেষ পত্র: তুলনামূলক সাহিত্য পাঠ (DSE-I)

**CODE: BNG2PDSE01T, বিশেষ পত্র: তুলনামূলক সাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**
**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। আধুনিক ভারতীয় গল্প

ক. মুন্সী প্রেমচন্দ - কাফন (হিন্দী)

খ. ভীষ্ম সাহানী - পানি (হিন্দী)

গ. ইসমত চুঘতাই - দুইহাত (উর্দু)

ঘ. অনিতা দেশাই – বিক্রি (ভারতীয় ইংরেজি)

ঙ. কালিন্দীচরণ পানিগ্রাহী - বিজয় উৎসব(ওড়িয়া)

চ. অর্জুন ডাংলে- চিতা (মারাঠি)Comparative

২। কালিদাস- মেঘদূতম (পূর্বমেঘ ও উত্তরমেঘ)

রবীন্দ্রনাথের মানসী থেকে সানাই কাব্য পর্যন্ত যক্ষ ও মেঘদূত প্রসঙ্গে কবিতাবলী এবং বুদ্ধদেব বসু অনূদিত মেঘদূত ইত্যাদি।

৩। গিরিশ কারনাড- হয়বদন (নাটক)।

## ৬। বিশেষ পত্র: লোকসংস্কৃতি (DSE-I)

**CODE: BNG2PDSE01T, বিশেষ পত্র: লোকসংস্কৃতি (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**
**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। 'ফোকলোর' শব্দটির বঙ্গীয় প্রতিশব্দ কেন্দ্রিক বিতর্ক।

২। লোকসংস্কৃতির সংজ্ঞা, স্বরূপ, বৈশিষ্ট্য।

৩। পরিশীলিত সংস্কৃতি বনাম লোকসংস্কৃতি।

৪। লোকসংস্কৃতির বিষয় বিভাজন।

৫। লোকসংস্কৃতির প্রাথমিক উপাদান, Taboo, Totem, Mana, Magic, Religion

৬। লোকসংস্কৃতি চর্চার ইতিহাস ও উপযোগিতা।

৭। লোকসংস্কৃতির দর্শন।

সহায়ক গ্রন্থ:

১। আশুতোষ ভট্টাচার্য: বাংলার লোকসংস্কৃতি ২। ওয়াকিল আহমেদ: বাংলার লোক সংস্কৃতি ৩। আশুতোষ ভট্টাচার্য: বাংলার লোক-সাহিত্য (১ম-৬ষ্ঠ খণ্ড) ৪। নির্মলেন্দু ভৌমিক: বাঙলা ছড়ার ভূমিকা (১ম ও ২য় খণ্ড) ৫। দিব্যজ্যোতি মজুমদার: বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স ৬। সুশীলকুমার দে: বাংলা প্রবাদ ৭। ভবতারণ দত্ত: বাংলা দেশের ছড়া ৮। বরুণকুমার চক্রবর্তী: বাংলা প্রবাদে স্থান-কাল-পাত্র/ বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস/ লোকসংস্কৃতি: নানা প্রসঙ্গ।

Course outcome:

তৃতীয় সেমেস্টার Discipline Specific Elective (DSE-I) কোর্সের দ্বিতীয়টিতে লোকসংস্কৃতি পাঠ্য তালিকায় স্থান পেয়েছে। এই গুচ্ছে মোট সাতটি এককে বিশেষ পত্র লোকসংস্কৃতির সংজ্ঞা, স্বরূপ, পরিশীলিত সংস্কৃতির সঙ্গে লোকসংস্কৃতির সম্পর্ক ও তার উপাদান বিষয়ে ছাত্র-ছাত্রীদের অবহিত করার চেষ্টা করা হয়েছে। সেই সঙ্গে লোকসংস্কৃতি চর্চার ইতিহাস ও তার দর্শন বিষয়েও ছাত্র-ছাত্রীদের জ্ঞান যাতে বৃদ্ধি পায় তার জন্য সচেতনতা অবলম্বন করা হয়েছে।

## ১। বিশেষ পত্র: প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (DSE-II)

## CODE: BNG2PDSE02T, বিশেষ পত্র: প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

১। **বৈষ্ণব পদাবলী** (চণ্ডীদাস, বিদ্যাপতি, জ্ঞানদাস, গোবিন্দদাস-নির্বাচিত পদ)।

২। দীনেশচন্দ্র সেন সম্পাদিত **মৈমনসিংহ গীতিকা** (নির্বাচিত পালা)।

৩। বিপ্রদাস পিপিলাই রচিত **মনসামঙ্গল**।

সহায়ক গ্রন্থ:

১। নগেন্দ্রনাথ গুপ্ত সম্পাদিত বিদ্যাপতি পদাবলী ২। বিমানবিহারী মজুমদার সম্পাদিত চণ্ডীদাসের পদাবলী দীনেন্দ্রকুমার রায় সম্পাদিত চণ্ডীদাসের পদাবলী ৪। সতীশচন্দ্র মুখোপাধ্যায় সম্পাদিত গোবিন্দদাস পদাবলী ৫। সতীশচন্দ্র মুখোপাধ্যায় সম্পাদিত জ্ঞানদাস পদাবলী ৫। দীনেশচন্দ্র সেন সম্পাদিত মৈমনসিংহ গীতিকা ৬। অচিন্ত্য বিশ্বাস সম্পাদিত বিপ্রদাস পিপিলাইয়ের মনসামঙ্গল ৭। আশুতোষ ভট্টাচার্য: বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস।

Course outcome:

তৃতীয় সেমেস্টার Discipline Specific Elective(DSE-2) কোর্সের প্রথমটিতে প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ শিরোনামে একটি বিশেষ পত্র রাখা হয়েছে। তৃতীয় সেমেস্টার (DSE-2) দ্বিতীয় মূল পাঠক্রমে তিনটি এককে যথাক্রমে বৈষ্ণব পদাবলী, মৈমনসিংহ গীতিকা ও মনসামঙ্গল কাব্য তিনটি গ্রন্থ পাঠ্যতালিকাভুক্ত হয়েছে। রাধা-কৃষ্ণকে পাত্র-পাত্রী নির্বাচন করে পঞ্চদশ শতক থেকে অষ্টাদশ শতক পর্যন্ত দীর্ঘ সময় ধরে খ্যাত-অখ্যাত বিভিন্ন কবি নারী-পুরুষের মনস্তত্ত্ব নিয়ে ভিন্ন ভিন্ন পর্যায়ের পদ রচনা করেছেন। এই সব পদগুলি একাধারে বিষ্ণু দেবতার উপাসনার পদ হিসাবে যেমন বিখ্যাত হয়েছে তেমনি আবার নর-নারীর প্রেম-প্রণয় উপাখ্যানের পদ হিসাবেও গুরুত্ব পেয়েছে। সে সম্পর্কে সম্যক ধারণা তৈরি করার লক্ষ্যে বৈষ্ণব পদাবলী পাঠ্যতালিকাভুক্ত হয়েছে। ইসলাম ধর্মাবলম্বী মানুষজন নিজেদের মনোরঞ্জনের জন্য নর-নারীর প্রেম-প্রণয়ের যে গাথা অবসর সময়ে অভিনয় করে নিজেদের মনকে তৃপ্ত করে এসেছেন, জাতিভেদ প্রথা, শাসকের অত্যাচার, সময়ের দাবীকে অতিক্রম করে নর-নারীর প্রেমের যে জয়গান তাঁরা প্রচার করেছেন, সে সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার জন্য মৈমনসিংহ গীতিকা পাঠ্য করা হয়েছে। আর সাপের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য সর্পদেবী মনসার পূজা বাঙালি জীবনে প্রভাব বিস্তার করেছে, বাংলার সমাজ যে এককালে 'বাণিজ্যে বসতে লক্ষ্মী' এই প্রবাদে ভর করে সমৃদ্ধশালী হয়েছে সে সম্পর্কে ছাত্র-ছাত্রীদের জ্ঞানবৃদ্ধির লক্ষ্যে মনসামঙ্গল কাব্য পাঠ্য করা হয়েছে। তবে কবি বিপ্রদাস পিপিলাই-এর কাব্য নির্বাচিত হয়েছে কেন? এই প্রশ্নের উত্তরে বলা যায়, উত্তর চব্বিশ পরগণায় অবস্থিত বিশ্ববিদ্যালয়ের পাঠ্যতালিকায়

উক্ত স্থানের কবি স্থান পাবেন না তা হতে পারে না। স্থান-কাল ও স্থানীয় প্রভাবের কথা মাথায় রেখে বিপ্রদাস পিপিলাই-এর কাব্য পাঠ্যতালিকাভুক্ত করা হয়েছে।

## ২। বিশেষ পত্র: বাংলা কথাসাহিত্য পাঠ (DSE-II)

**CODE: BNG2PDSE02T, বিশেষ পত্র: বাংলা কথাসাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**

**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। ছোটগল্পের তত্ত্ব ও শৈলী সম্পর্কিত সাধারণ ধারণা, ছোটগল্পের নানান আন্দোলনের ইতিহাস।

২। স্বাধীনতা পূর্ববর্তী ছোটগল্প (যে কোনো ৩ জনের ৬টি গল্প পাঠ্য)

ক। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত **রবিবার, বোষ্টমী** খ। প্রভাতকুমার মুখোপাধ্যায় রচিত **কুড়ানো মেয়ে, বিবাহের বিজ্ঞাপন** গ। জগদীশ গুপ্ত রচিত **শঙ্কিত অভয়া, অরূপের রাস** ঘ। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত **মৌরিফুল, তারানাথ তান্ত্রিকের দ্বিতীয় গল্প** ঙ। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত **রসকলি, না** চ। মানিক বন্দ্যোপাধ্যায় রচিত **শিল্পী, প্রাগৈতিহাসিক** ছ। প্রেমেন্দ্র মিত্র রচিত **সংসার সীমান্তে, মহানগর** জ। নরেন্দ্রনাথ মিত্র রচিত **রস, চোর** ঝ। বনফুল রচিত **শ্রীপতি সামন্ত, বুধনী** ঞ। পরশুরাম রচিত **উলটপুরাণ, শ্রী শ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড**।

৩। স্বাধীনতা পরবর্তী ছোটগল্প (যে কোনো ৩ জনের ৬টি গল্প পাঠ্য)

ক। বিমল কর রচিত **জননী, ইঁদুর** খ। কমলকুমার মজুমদার রচিত **মতিলাল পাদ্রী, নিম-অন্নপূর্ণা** গ। মতি নন্দী রচিত **শবাগার, আত্মভুক** ঘ। কবিতা সিংহ রচিত **ক্ষুধা, চিৎ** ঙ। শ্যামল গঙ্গোপাধ্যায় রচিত **কুবেরের বিষয় আশয়, সাক্ষী ডুমুর গাছ**। চ। সন্তোষকুমার ঘোষ রচিত **কানাকড়ি, দ্বিজ** ছ। সৈয়দ মুস্তাফা সিরাজ রচিত **গোঘ্ন, বাদশা** জ। জ্যোতিরিন্দ্র নন্দী রচিত **সমুদ্র, গিরগিটি**। ঝ। সমরেশ বসু রচিত **শহীদের মা, স্বীকারোক্তি** ঞ। সোমেন চন্দ রচিত **ইঁদুর, সংকেত**।

সহায়ক গ্রন্থ:

১। বীরেন্দ্র দত্ত রচিত বাংলা ছোটগল্প প্রসঙ্গ ও প্রকরণ (প্রথম খন্ড) ২.উজ্জ্বল কুমার মজুমদার রচিত গল্প পাঠকের ডায়েরি ৩। উদয়চাঁদ দাশ রচিত ছোটগল্পের বর্ণালী: কথা থেকে শৈলী ৪। শম্পা চৌধুরী রচিত বিশ শতকের বাংলা ছোটগল্প নবমূল্যায়ন ৫। শম্পা চৌধুরী রচিত প্রসঙ্গ বাংলা ছোটগল্প স্বাধীনতার আগে পরে। ৬। উজ্জ্বলকুমার মজুমদার, উর্মি রায়চৌধুরী সম্পাদিত বিমল কর: সময় অসময়ের উপাখ্যানমালা। ৭। মিঠু নাগ সম্পাদিত এ যুগের গল্প আধুনিকতার অন্তর্ভাষ্য ৮। রঞ্জনা দত্ত রচিত স্রোতের বিপরীতে-জ্যোতিরিন্দ্র নন্দী। ৯। অরুণকুমার মুখোপাধ্যায় রচিত কালের পুত্তলিকা, বাংলা কথাসাহিত্য জিজ্ঞাসা। ১০। উজ্জ্বল কুমার মজুমদার সম্পাদিত তারাশঙ্কর দেশ-কাল-সাহিত্য। ১১। নারায়ণ গঙ্গোপাধ্যায় রচিত সাহিত্যে ছোটগল্প।

Course outcome:

তৃতীয় সেমেস্টার দ্বিতীয় মূল পাঠক্রমের তিনটি এককে যথাক্রমে ছোটগল্পের তত্ত্ব ও শৈলী ও নানান আন্দোলনের ইতিহাস, স্বাধীনতা পূর্ববর্তী ছোটগল্প ও স্বাধীনতা পরবর্তী ছোটগল্প পাঠ্যতালিকাভুক্ত হয়েছে। বিশেষ পত্র হিসাবে বাংলা কথাসাহিত্যের পাঠক্রমে উপন্যাসের তত্ত্ব ও শৈলী জানা যেমন জরুরী ছোটগল্পের ক্ষেত্রেও তেমন কথা প্রযোজ্য। তার সঙ্গে ছোটগল্পের অঙ্গীভূত নানা আন্দোলনের ইতিহাস ছাত্র-ছাত্রীদের ছোটগল্পের বাঁকবদল সম্পর্কে সঠিক ধারণা দেবে। দ্বিতীয় এককে স্বাধীনতা পূর্ববর্তী ছোটগল্পের মাধ্যমে উনিশ ও বিশ শতকের ছোটগল্পের সৃষ্টি, গতিপ্রকৃতি ও তার প্রবহমান ধারা সম্পর্কে ছাত্র-ছাত্রীদের সম্যক ধারণা তৈরি করাই এই নির্বাচনের মূল লক্ষ্য। তৃতীয় এককে একইভাবে স্বাধীনতা পরবর্তী গল্পকারদের অসামান্য সৃষ্টির সঙ্গে পরিচয় ঘটবে ছাত্র-ছাত্রীদের। স্বাধীনতা, অর্থ-সামাজিক-রাজনৈতিক নানা পরিবর্তন ছোটগল্পের অভিমুখ কীভাবে বদলে দিয়েছিল এবং বিশ শতকের পঞ্চম দশক থেকে ছোটগল্পের বিষয় ও

আঙ্গিক কীভাবে বদলাতে শুরু করেছিল সে সম্পর্কে ছাত্র-ছাত্রীদের জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে এই এককে স্বাধীনতা পরবর্তী ছোটগল্পের নির্বাচন।

### ৩। বিশেষ পত্র: ভাষাতত্ত্ব পাঠ (DSE-II)

### CODE: BNG2PDSE02T, বিশেষ পত্র: ভাষাতত্ত্ব পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

**পত্রের নাম: বাংলা ভাষার ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব ও বাক্যতত্ত্ব চর্চা**

১। বাংলা স্বরধ্বনি, ব্যঞ্জনধ্বনি (স্বরূপ, শ্রেণিবিভাগ), যুক্তাক্ষর, যৌগিকস্বর, ব্যঞ্জনসমাবেশ, স্বনিম (সংজ্ঞা, স্বনিম নির্ধারণের পদ্ধতি), বাংলা স্বনিম (স্বরস্বনিম, ব্যঞ্জন স্বনিম, আধুনিক স্বরস্বনিম), বাংলা অবিভাজ্য স্বনিম (মাত্রা শ্বাসাঘাত, সুরতরঙ্গ, যতি, নাসিক্যীভবন)।

২। রূপিম: সংজ্ঞা, বৈশিষ্ট্য, নির্ণয় পদ্ধতি, রূপিম নির্ণয়ের নিদার সূত্র।

বাংলা রূপমূলের মূল সূত্র: লিঙ্গ, বচন, কারক, ক্রিয়ার কাল, পুরুষ, প্রথাগত ব্যাকরণ ও সাংগঠনিক ব্যাকরণে বাক্যের গুরুত্ব।

৩। চমস্কির ব্যাকরণ: সংবর্তনী-সঞ্জননী ব্যাকরণের স্বরূপ ও বৈশিষ্ট্য, বাক্যতত্ত্ব, অব্যবহিত গঠনগত উপাদান, চরমগত উপাদান, অন্বয়তত্ত্ব, ভাষাবোধ-ভাষাপ্রয়োগ, অধোগঠন-অধিগঠন, ভাষা সঞ্জনন ও সংবর্তন, ভাষা বিশ্বজনীনতা।

Course outcome:

দ্বিতীয় পত্রেও তিনটি এককের মাধ্যমে পাঠদানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বাংলা ভাষার ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, বাক্যতত্ত্বের সম্যক ধারণা দেওয়ার উপযুক্ত পাঠক্রম করা হয়েছে। একই সঙ্গে আব্রাহাম নোয়াম চমস্কি প্রবর্তিত সংবর্তনী সঞ্জননী ব্যাকরণের স্বরূপ ও বৈশিষ্ট্যের বিষয়ে আলোকপাত করা হয়েছে।

### ৪। বিশেষ পত্র: রবীন্দ্রসাহিত্য পাঠ (DSE-II)

### CODE: BNG2PDSE02T, বিশেষ পত্র: রবীন্দ্রসাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

১। **মুক্তধারা**

২। **চণ্ডালিকা** (গদ্যনাট্য)

৩। **শেষরক্ষা**

সহায়ক গ্রন্থ:

১। উপেন্দ্রনাথ ভট্টাচার্য- রবীন্দ্র-নাট্য-পরিক্রমা, ২। প্রমথনাথ বিশী- রবীন্দ্র নাট্য প্রবাহ, ৩। কমল সাহা- রবীন্দ্র নাট্যভাবনা, ৪। অশ্রুকুমার সিকদার- রবীন্দ্রনাট্যে রূপান্তর ও ঐক্য, ৫। তারক সেনগুপ্ত- রবীন্দ্র নাটকে পাশ্চাত্য প্রভাব, ৬। দুর্গাশঙ্কর মুখোপাধ্যায়- রবীন্দ্র-নাট্যসমীক্ষা রূপক সংকেতিক/ নাট্যতত্ত্ব বিচার, ৭। কুমার রায়- রবীন্দ্রনাটক: আলোকিত উদ্ভাবন, ৮। সরোজ বন্দ্যোপাধ্যায়- আগুন এবং অন্ধকারের নাটক: রবীন্দ্রনাথ, ৯। সাধনকুমার ভট্টাচার্য- রবীন্দ্র নাট্য সাহিত্যের ভূমিকা

Course Outcome:

তৃতীয় সেমেস্টার Discipline Specific Elective(DSE-2) কোর্সের চতুর্থটিতে রবীন্দ্রসাহিত্য পাঠ শিরোনামে দ্বিতীয় মূল পাঠক্রমে রবীন্দ্রনাথ ঠাকুর লিখিত কয়েকটি নাটকের বিশেষ পাঠ নির্বাচন করা হয়েছে। বিশেষ পত্র হিসাবে ছাত্র-ছাত্রীদের কাছে এই গুচ্ছের গুরুত্ব অপরিসীম। কারণ এই গুচ্ছে নাট্যকার রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিভার ভিন্ন ভিন্ন দিকগুলি ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরার চেষ্টা করা হয়েছে। শিল্প বিপ্লবের পর সমগ্র বিশ্বে যান্ত্রিকতা প্রসারের পরিপ্রেক্ষিতে উদ্বিগ্ন কবির লেখা রূপক-সাংকেতিক নাটক মুক্তধারাকে পাঠ্য করা হয়েছে পাঠক্রমটির প্রথম এককে। আর অস্পৃশ্যতার বিরুদ্ধে প্রতিবাদী কবির শাশ্বত প্রেমের জয়গান ঘোষণার জন্য লেখা গীতিধর্মী নাটক চণ্ডালিকাকে পাঠ্য করা হয়েছে পাঠক্রমটির দ্বিতীয় এককে আর তৃতীয় এককে হাস্যরসাত্মক নাটক রচনায় রবীন্দ্রপ্রতিভার একটি বিশেষ দিককে তুলে ধরার জন্য শেষরক্ষা নাটকটিকে পাঠ্য তালিকাভুক্ত করা হয়েছে।

**৫। বিশেষ পত্র: তুলনামূলক সাহিত্য পাঠ (DSE-II)**

**CODE: BNG2PDSE02T, বিশেষ পত্র: তুলনামূলক সাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। ম্যাকবেথ (শেক্সপীয়র)

২। Katherine Mansfield- The fly (ছোটগল্প)

O' Henry - The Last Leaf

৩। Jane Austen - pride & prejudice (period রোমান্টিক) [বাংলা উপন্যাসে কাহাকে -এর সঙ্গে তুলনা করে আলোচনা করতে হবে।]

**৬। বিশেষ পত্র: লোকসংস্কৃতি পাঠ (DSE-II)**

**CODE: BNG2PDSE02T, বিশেষ পত্র: লোকসংস্কৃতি পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। পদ্ধতিবিদ্যার গুরুত্ব ও সীমাবদ্ধতা।

২। Type Motif index ।

৩। ঐতিহাসিক ও ভৌগোলিক পদ্ধতি ও ঐতিহাসিক বস্তুবাদী পদ্ধতি।

৪। জাতীয়তাবাদী, মনঃসমীক্ষণ ও তুলনামূলক পদ্ধতি।

৫। নৃতাত্ত্বিক পদ্ধতি।

৬। Contextual Method ।

৭। Meta Folklore, Text, Context & Texture of Folklore।

৮। ক্ষেত্রসমীক্ষা সম্পর্কিত শ্রেণিকক্ষনির্ভর আলোচনা।

সহায়ক গ্রন্থ।

১। আশুতোষ ভট্টাচার্য: বাংলার লোকসংস্কৃতি ২। ওয়াকিল আহমেদ: বাংলার লোকসংস্কৃতি ৩। আশুতোষ ভট্টাচার্য: বাংলার লোক-সাহিত্য (১ম-৬ষ্ঠ খণ্ড) ৪। নির্মলেন্দু ভৌমিক: বাঙলা ছড়ার ভূমিকা (১ম ও ২য় খণ্ড) ৫। দিব্যজ্যোতি মজুমদার: বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স ৬। সুশীলকুমার দে: বাংলা প্রবাদ ৭। ভবতারণ দত্ত: বাংলাদেশের ছড়া ৮। বরুণকুমার চক্রবর্তী: বাংলা প্রবাদে স্থান-কাল-পাত্র/ বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস/ লোকসংস্কৃতি: নানা প্রসঙ্গ।

Course outcome:

তৃতীয় সেমেস্টার Discipline Specific Elective (DSE-2) কোর্সের ষষ্ঠটিতে লোকসংস্কৃতি শিরোনামে দ্বিতীয় মূল পাঠক্রমে মোট আটটি এককে বিভিন্ন পদ্ধতি ও লোকসংস্কৃতির সম্পর্ক দেখানো হয়েছে, যাতে ছাত্র-ছাত্রীরা লোকসংস্কৃতির সঙ্গে অন্যান্য পরিশীলিত সংস্কৃতির সম্পর্কটি খুব সহজেই অনুধাবন করতে পারে। এই গুচ্ছে শ্রেণিকক্ষনির্ভর ক্ষেত্র সমীক্ষাও যুক্ত করা হয়েছে।

**CODE: BNG2PCOR11T, সাহিত্যতত্ত্ব পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। ভারতীয় অলংকার তত্ত্ব: অলংকার, রীতি, বক্রোক্তি, ঔচিত্য, ধ্বনি, রস।

২। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত সাহিত্যের পথে।

৩। পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সমালোচনাতত্ত্ব:

অ: আরিস্টটল রচিত কাব্যতত্ত্ব।

আ: রোমান্টিসিজম, রিয়ালিজম, ন্যাচারালিজম, মার্ক্সসিজম, পোস্টমর্ডানিজম, সুররিয়ালিজম্, স্ট্রাকচারালিজম্, নারীচেতনাবাদ, সাহিত্যের নিম্নবর্গ চেতনা।

সহায়ক গ্রন্থ:

১। গঙ্গাসাগর রায়: কাব্যমীমাংসা ২। সুধীরকুমার দাশগুপ্ত: কাব্যালোক ৩। বিষ্ণুপদ ভট্টাচার্য: কাব্যমীমাংসা ৪। অতুলচন্দ্র গুপ্ত: কাব্যজিজ্ঞাসা ৫। করুণাসিন্ধু দাস: কাব্যজিজ্ঞাসার রূপরেখা ৬। দুর্গাশঙ্কর মুখোপাধ্যায়: কাব্যতত্ত্ববিচার ৭। বিমলকুমার মুখোপাধ্যায়: দর্পণে প্রতিবিম্ব/ সাহিত্যবিবেক/ সাহিত্যের মাত্রা- দ্বান্দ্বিক সূত্র। সাহিত্যবিচার: তত্ত্ব ও প্রয়োগ ৮। শিশিরকুমার দাশ: কাব্যতত্ত্ব আরিস্টটল ৯। সাধনকুমার ভট্টাচার্য: এরিস্টটলের পোয়েটিকস্ ও সাহিত্যতত্ত্ব ১০। Ingram Bywater: Aristotle on the Art of Poetry. ১১। H. Butcher: Aristotle's Theory of Poetry and Fine Art. ১২। নবেন্দু সেন সম্পাদিত: পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সাহিত্যভাবনা।

Course outcome:

তৃতীয় সেমেস্টার ত্রয়োদশ মূল পাঠক্রমে প্রাচ্য ও পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব সম্পর্কে সম্যক জ্ঞান বৃদ্ধির জন্য উপরিউক্ত বিষয়গুলি পাঠ্য বিষয় হিসাবে নির্বাচিত হয়েছে। কাব্য বিচারে অলংকার, রীতি, বক্রোক্তি, ধ্বনি এবং রসের গুরুত্ব ও তার বিচার পদ্ধতি যেমন ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরার প্রয়াস করা হয়েছে, তেমনই রবীন্দ্রনাথের সাহিত্যবিচার পদ্ধতি ও তাঁর মতামত সম্বন্ধেও ছাত্র-ছাত্রীদের অবহিত করার লক্ষ্যে সাহিত্যের পথে গ্রন্থটি পাঠ্য করা হয়েছে; অন্যদিকে পাশ্চাত্য সাহিত্য বিচার পদ্ধতি সম্পর্কে জ্ঞান বৃদ্ধির জন্য একাধারে আরিস্টটলের কাব্যতত্ত্ব ও আধুনিক সাহিত্য বিচার পদ্ধতি পাঠ্যবিষয়ভুক্ত হয়েছে। সাম্প্রতিককালে সাহিত্য বিচারের দৃষ্টিভঙ্গিগুলি ও তার পদ্ধতিগুলি ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরে সাহিত্য বিচার সম্পর্কে তাদের জ্ঞানকে পূর্ণতা দেওয়ার লক্ষ্যে এই গুচ্ছের পাঠ্যপুস্তকগুলি নির্বাচিত হয়েছে।

## CODE: BNG2PCOR12T, রবীন্দ্রসাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

১। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত **গোরা**।

২। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত **রক্তকরবী**।

৩। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ও সংকলিত **সঞ্চয়িতা** (নির্বাচিত কবিতা)।

Course outcome:

রবীন্দ্রনাথ ঠাকুর ও তাঁর রচিত সাহিত্য বাংলা সাহিত্যের অধিকাংশ স্থান জুড়ে আছে। ছাত্র-ছাত্রীদের রবীন্দ্রসাহিত্য সম্পর্কে জ্ঞান বৃদ্ধি ও ব্যক্তি রবীন্দ্রনাথকে জানবার জন্য ভিন্ন ভিন্ন সেমেস্টারের পৃথক পৃথক এককে আমরা যতটা সম্ভব রবীন্দ্রসাহিত্য রাখার চেষ্টা করেছি। তৃতীয় সেমেস্টার চতুর্দশ মূল পাঠক্রমে আমরা পৃথকভাবে 'রবীন্দ্রসাহিত্য' নাম দিয়ে রবীন্দ্রনাথের উপন্যাস, নাটক ও কবিতা পাঠ্যতালিকাভুক্ত করেছি। সমকালীন রাজনীতি, স্বদেশী আন্দোলন, ব্রাহ্মসমাজ বনাম হিন্দুধর্মের বিরোধ বিষয়ে ছাত্র-ছাত্রীর সম্যক ধারণা তৈরির জন্য গোরা উপন্যাসটি নির্বাচিত। যন্ত্রসভ্যতা ও কৃষি সভ্যতার দ্বন্দ্ব, মানুষের সূক্ষ্ম প্রবৃত্তিহীনতা আধুনিক সমাজে মানুষের লোভ ও তার পরিণতি বোঝানোর জন্য রক্তকরবী নাটক পাঠ্য করা হয়েছে আর কবি রবীন্দ্রনাথকে বোঝবার জন্য সঞ্চয়িতার কবিতা পাঠ্য তালিকায় স্থান পেয়েছে।

## CODE: BNG2PCOR13T, প্রতিবেশি সাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

১। অসমিয়া উপন্যাস: মামনী রয়সম গোস্বামী (ইন্দিরা গোস্বামী) রচিত **ছিন্নমস্তার মানুটহো** (বাংলা অনুবাদ: মুক্তি চৌধুরী: ছিন্নমস্তার মানুষটি, প্রকাশক- এবং মুশায়েরা)।

২। হিন্দি নাটক: মোহন রাকেশ রচিত **আধে-আধুরে** (বাংলা অনুবাদঃ সমীক বন্দ্যোপাধ্যায় ও প্রতিভা আগ্রবাল: আধে-আধুরে, প্রকাশক- ন্যাশনাল বুক ট্রাস্ট)।

৩। প্রতিবেশি ছোটগল্প: রামকুমার মুখোপাধ্যায় সম্পাদিত: **ভারতজোড়া গল্পগাঁথা** (নির্বাচিত ছোটগল্প) প্রকাশক- মিত্র ও ঘোষ।

সহায়ক গ্রন্থ:

১। মুক্তি চৌধুরী: ছিন্নমস্তার মানুষটি ২। সমীক বন্দ্যোপাধ্যায় ও প্রতিভা অগ্রবাল: আধে-আধুরে ৩। রামকুমার মুখোপাধ্যায়: ভারতজোড়া গল্পগাঁথা।

Course outcome:

পশ্চিমবঙ্গের বাইরে বাংলা ভাষা ও সাহিত্যের চর্চা দীর্ঘদিনের। পশ্চিমবঙ্গের প্রতিবেশি রাজ্যগুলিতেও এই চর্চা আছে। সেখানকার সাহিত্যিকদের হাতেও উন্নততর সাহিত্য সৃষ্টি হয়েছে, যা বাংলা ভাষা ও সাহিত্যকে সমৃদ্ধ করার পক্ষে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে দীর্ঘদিন ধরে। কিন্তু সেই সমস্ত সাহিত্যের চর্চা অধিকাংশ বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচির বহির্ভূত থেকে গেছে। ফলে পশ্চিমবঙ্গের বাংলা ভাষা ও সাহিত্যের ছাত্র-ছাত্রীদের কাছে এই সব সাহিত্যের ও তাদের রচয়িতাদের কোনো খোঁজ নেই বললেই চলে। বর্তমান পাঠ্যসূচিতে আমরা সেই অভাব পূরণের প্রয়াস করেছি। প্রতিবেশি সাহিত্য পাঠ শিরোনামে আমরা অসমিয়া উপন্যাস, হিন্দি নাটক ও ওড়িয়া, সাঁওতালী, ঝাড়খণ্ডী প্রভৃতি ভাষায় রচিত প্রতিবেশি ছোটগল্প পাঠ্য বিষয় হিসাবে নির্বাচন করেছি, যাতে প্রতিবেশি বাংলা সাহিত্য সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণা তৈরি হয় ও তাদের জ্ঞানের পরিধি বৃদ্ধি পায়।

**CODE: BNG2PSEC01M, (SEC) দক্ষতা বৃদ্ধিমূলক পাঠক্রম (৫০ নম্বর, ক্রেডিট ০২), ৩ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। বাংলা প্রুফ সংশোধন।

Course outcome:

ছাত্র-ছাত্রীদের গবেষণার কাজের সুবিধার জন্য, নিজস্ব লেখা ও গ্রন্থ প্রকাশের জন্য বাংলা প্রুফ সংশোধন শিক্ষা জরুরী। এছাড়া পত্রিকার সম্পাদনার ক্ষেত্রে এবং বিভিন্ন প্রকাশনা সংস্থায় কর্মসংস্থানেরও সুযোগ হতে পারে এই শিক্ষায়।

## চতুর্থ সেমেস্টার

(Duration: January to June)

At least 15 direct teaching weeks in a semester and one week study leave before the end semester examination.

**ছয়টি মূল পাঠক্রম, প্রতি পাঠক্রমের পূর্ণমান ৫০ এবং প্রতি পাঠক্রমের ক্রেডিট ৪, ৬X৫০= ৩০০ নম্বর, মোট ৬X৪= ২৪ ক্রেডিট, ৩৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

**তৃতীয় ও চতুর্থ সেমেস্টারে ১। প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (DSE-I), ২। বাংলা কথাসাহিত্য পাঠ (DSE-I), ৩। ভাষাতত্ত্ব পাঠ (DSE-I), ৪। রবীন্দ্রসাহিত্য পাঠ (DSE-I), ৫। তুলনামূলক সাহিত্য পাঠ (DSE-I), ৬। লোকসংস্কৃতি পাঠ (DSE-I), শিরোনামে মোট ছয়টি বিশেষ পত্র (Discipline Specific Elective/DSE) পাঠ্যতালিকাভুক্ত হয়েছে, যার থেকে একটি বিশেষ পত্র (তৃতীয় সেমেস্টারে ৫০+৫০-১০০ নম্বর ও চতুর্থ সেমেস্টারে ৫০+৫০-১০০) ছাত্র-ছাত্রীকে নির্বাচন করতে হবে। তৃতীয় ও চতুর্থ সেমেস্টার মিলিয়ে ঐ একই বিশেষ পত্রে ছাত্র-ছাত্রীকে মোট ২০০ নম্বরের (মোট চারটি পত্র) পাঠক্রম পড়তে হবে।**

### ১। বিশেষ পত্র: প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (DSE-III)

CODE: BNG2PDSE03T, **বিশেষ পত্র: প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। কৃত্তিবাস অনূদিত **রামায়ণ**, (নির্বাচিত অংশ)।

২। ঘনরাম চক্রবর্তী রচিত **ধর্মমঙ্গল**।

৩। রামেশ্বর ভট্টাচার্য রচিত **শিবায়ন**।

সহায়ক গ্রন্থ:

১। সুখময় মুখোপাধ্যায় সম্পাদিত রামায়ণ ২। হরেকৃষ্ণ মুখোপাধ্যায় সম্পাদিত রামায়ণ ৩। বসুমতী কর্পোরেশন লিমিটেড প্রকাশিত রামায়ণ ৪। পীযূষকান্তি মহাপাত্র সম্পাদিত ঘনরাম চক্রবর্তী বিরচিত শ্রীধর্ম্মমঙ্গল ৫। আশুতোষ ভট্টাচার্য: বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস ৬। পঞ্চানন চক্রবর্তী সম্পাদিত রামেশ্বর রচনাবলী।

Course outcome:

চতুর্থ সেমেস্টার Discipline Specific Elective (DSE-III) ষোড়শ মূল পাঠক্রমে বিশেষপত্র প্রাগাধুনিক বাংলা সাহিত্য পাঠ শিরোনামে মধ্যযুগের বাংলা সাহিত্যের তিনটি বিখ্যত ও অবশ্যপাঠ্য গ্রন্থ রামায়ণের অনুবাদ, ধর্মমঙ্গল ও শিবায়ন কাব্য পাঠ্য বিষয় হিসাবে নির্বচন করে একাধারে অনুবাদ ও মঙ্গলকাব্য সম্পর্কে ছাত্র-ছাত্রীর জ্ঞানকে পরিপূর্ণতা দেওয়ার চেষ্টা করা হয়েছে। কৃত্তিবাসী রামায়ণ বাঙালির প্রণের সম্পদ, বাঙলি জাতির জীবন ও বাঙালি সংস্কৃতি কেমনকরে সমাজকে প্রভাবিত করেছিল, সে সম্পর্কে ছাত্র-ছাত্রীর জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে এই গ্রন্থটির নির্বাচন। আবার রাঢ় অঞ্চলের জনজীবন, ডোম সমাজের যুদ্ধ ও জীবনযাপন ইত্যাদি বোঝানোর লক্ষ্যে একমাত্র পুরুষ প্রধান মঙ্গলকাব্য ধর্মমঙ্গল পাঠ্য করা হয়েছে। আর সপ্তদশ শতকে বাংলার সমাজে কৃষিব্যবস্থার বাড়বাড়ন্তভাব ও তাকে কেন্দ্র করে বাঙালি পরিবারে উন্নতি ও কলহের স্বরূপটি ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরবার জন্য শিবায়ন কাব্যকে পাঠ্য করা হয়েছে।

## ২। বিশেষ পত্র: বাংলা কথাসাহিত্য পাঠ (DSE-III)

**CODE: BNG2PDSE03T, বিশেষ পত্র: বাংলা কথাসাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। নকশাল আন্দোলন বিষয়ক উপন্যাস (যে-কোনো একটি উপন্যাস পাঠ্য) মহাশ্বেতা দেবী রচিত **হাজার চুরাশির মা**। সমরেশ মজুমদার রচিত **কালবেলা**। বাণী বসু রচিত **অন্তর্ঘাত**।

২। দেশভাগ বিষয়ক উপন্যাস ( যে-কোনো একটি উপন্যাস পাঠ্য) জ্যোতির্ময়ী দেবী রচিত **এপার গঙ্গা ওপার গঙ্গা**। প্রফুল্ল রায় রচিত **নোনা জল মিঠে মাটি**। অমিয়ভূষণ মজুমদার রচিত **নির্বাস**।

৩। বাংলাদেশের ঔপন্যাসিকের লেখা উপন্যাস ( যে-কোনো একটি উপন্যাস পাঠ্য) আখতারুজ্জামান ইলিয়াস রচিত **চিলেকোঠার সেপাই**। সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত **লালসালু**। আবু ইসহাক রচিত **সূর্য দীঘল বাড়ী**।

সহায়ক গ্রন্থ:

১। শতাব্দী কর সম্পাদিত হাজার চুরাশির মা, অস্তিত্বের অন্বেষণ ২। বুদ্ধদেব ঘোষ ও দেবব্রত বিশ্বাস সম্পাদিত সাতচল্লিশের দেশভাগ ৩। দীনবন্ধু মণ্ডল সম্পাদিত সত্তর উত্তর বাংলা উপন্যাসে অন্ত্যজ জীবন ৪। দেবদুলাল মুন্না সম্পাদিত বাংলা সাহিত্যে দেশভাগ ৫। মনন কুমার মণ্ডল সম্পাদিত পার্টিশন সাহিত্য দেশ, কাল, স্মৃতি ৬। সুজাতা বন্দ্যোপাধ্যায় সম্পাদিত দেশভাগ ও বাংলা সাহিত্য বর্তমান প্রেক্ষিতে ৭। উর্বী মুখোপাধ্যায় সম্পাদিত অমিয়ভূষণের উপন্যাস প্রসঙ্গে ৮। দীনবন্ধু মণ্ডল সম্পাদিত চিলেকোঠার সেপাই বীক্ষণে ও বিশ্লেষণে ৯। তপোধীর ভট্টাচার্য রচিত উপন্যাসের আলো আঁধার ১০। দীনবন্ধু মণ্ডল রচিত সত্তর পরবর্তী গ্রামজীবনের রূপরেখা ১১। অরুণ কুমার মুখোপাধ্যায় রচিত বাংলা দেশের সাহিত্য ১২। মননকুমার মণ্ডল রচিত আধুনিক বাংলা উপন্যাস ব্যষ্টি ও সমষ্টি।

Course Outcome:

চতুর্থ সেমেস্টার Discipline Specific Elective (DSE-III) ষোড়শ মূল পাঠক্রমে বিশেষপত্র বাংলা কথাসাহিত্য পাঠে তিনটি উপন্যাস পাঠ্য হিসেবে নির্বাচন হয়েছে। নকশাল আন্দোলন সম্পর্কে ছাত্র-ছাত্রীদের জ্ঞাত করার লক্ষ্যে প্রথম এককের উপন্যাসের নির্বাচন। সাহিত্যপাঠে ঐতিহাসিক প্রসঙ্গ অবশ্যই প্রয়োজনীয়। কারণ বিভিন্ন সময়ের সাহিত্য সেই সময়ের সামাজিক, রাজনৈতিক অবস্থা তথা জীবনচর্চাকে তুলে ধরে। স্বাধীনতার পরবর্তী সময়ই যখন স্বাধীনতাই ব্যাহত হয়ে উঠেছিল, তখন দেশের নবীন প্রজন্ম নতুন এক সাম্যবাদী সম্রাজ্যের স্বপ্নে উন্মুখ হয়ে যে সহিংস আন্দোলনের ইতিহাস গড়েছিল, সেই আন্দোলনের পরিচয় দিতে এবং তৎকালীন নানান শ্রেণির মানুষের জীবনযাপন উপস্থাপিত করতে মহাশ্বেতা দেবীর 'হাজার চুরাশির মা', সমরেশ মজুমদারের 'কালবেলা' এবং বাণী বসুর 'অন্তর্ঘাত' উপন্যাস বিশেষ পত্রে ছাত্র-ছাত্রীদের পাঠ্য করা হয়েছে। এই উপন্যাসের মাধ্যমে তাদের সত্তরের দশকের অশান্ত সময় ও নকশাল আন্দোলনের গতিপ্রকৃতি সর্ম্পকে সমৃদ্ধ করাই এই নির্বাচনের লক্ষ্য। ভারতবর্ষের একটি কলঙ্কিত অধ্যায় 'দেশভাগ'। 'দেশভাগ'কে কেন্দ্র করে বহু মানুষের ছিন্নমূল উদ্বাস্তু হয়ে ওঠার যে করুণ কাহিনি, রাজনৈতিক স্বার্থসিদ্ধির মানুষের আত্মিক পরিচয়ের অবলুপ্তির, দাঙ্গার, সাম্প্রদায়িকতার করুণ ইতিহাসের সাক্ষী হিসাবে জ্যোতির্ময়ী দেবীর 'এপার গঙ্গা ওপার গঙ্গা', প্রফুল্ল রায়ের 'নোনা জল মিঠে মাটি' ও অমিয়ভূষণ মজুমদারের, 'নির্বাস' উপন্যাসগুলি পাঠ্য করা হয়েছে। উক্ত বিষয়ে ছাত্র-ছাত্রীরা একজন মহিলা ও পুরুষের মানসিকতায় দেশভাগের যন্ত্রণার অংশীদার হতে পারবে বলেই। একই সঙ্গে দেশভাগ, উদ্বাস্তু সমস্যা ও মানুষের বেঁচে থাকার প্রবল জীবন সংগ্রামের ইতিহাসের সঙ্গে পরিচিত হতে পারবে। বাংলাদেশের সাহিত্য আমাদের কাছে অখণ্ড বাংলার এক আস্বাদ এনে দেয়। ওপার বাংলার মানুষের জীবনচর্চা, সংস্কার, উৎসব আমাদেরকে নতুনভাবে স্পর্শ করে। আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'চিলেকোঠার সেপাই', সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'লালসালু' ও আবু ইসহাক রচিত 'সূর্য দীঘল বাড়ী' যেন বাংলাদেশের প্রকৃতি, মানুষের নানান স্বাদের অভিজ্ঞতায় অভিজ্ঞ করে, এই উপন্যাসগুলি আমাদের

প্রতিবেশী দেশ বাংলাদেশের মানুষের সংস্কৃতি, রাজনীতি, অর্থনীতি, সামাজিক অবস্থা সম্পকে ছাত্র-ছাত্রীদের যেমন অবগত করবে তেমন অখন্ড ভারতের এক নিটোল রূপ তাদের সামনে তুলে ধরার জন্য এই উপন্যাসের নির্বাচন।

### ৩। বিশেষ পত্র: ভাষাতত্ত্ব পাঠ (DSE-III)

CODE: BNG2PDSE03T, **বিশেষ পত্র: ভাষাতত্ত্ব পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**

**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

**পত্রের নাম: বাংলা ভাষা, ব্যাকরণ, পরিভাষা ও অভিধানচর্চা**

১। বাংলা ভাষা ও ব্যাকরণচর্চা শ্রীরামপুর মিশন, রামমোহন রায়, বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, শ্যামাচরণ সরকার, রবীন্দ্রনাথ ঠাকুর, মুহম্মদ আব্দুল হাই, পরেশচন্দ্র মজুমদার এবং বিশ ও একুশ শতকের অন্যান্য খ্যাতনামা বৈয়াকরণ।

২। বাংলা ভাষা বিষয়ক প্রবন্ধ: মানোএল দ্য আসসুম্পসাঁও থেকে হ্যালহেড, হটন, কেরি, পবিত্র সরকার, জ্যাতিভূষণ চাকী এবং বিশ ও একুশ শতকের অন্যান্য খ্যাতনামা ভাষাবিদ।

৩। অভিধান বিজ্ঞান ও পরিভাষা: অভিধান বিজ্ঞানের স্বরূপ, ইতিহাস, অভিধান তত্ত্ব, অভিধানের লক্ষ্য, অর্থবৈচিত্র্য ও অভিধানের শ্রেণিবিভাগ। পরিভাষার সংজ্ঞা, বৈশিষ্ট্য, প্রয়োজন ও শ্রেণিবিভাগ।

Course outcome:

তৃতীয় পত্রে বাংলা ভাষা ও বাংলা ভাষার ব্যাকরণ চর্চার ইতিহাস সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবগত করা হবে। শ্রীরামপুর মিশন থেকে বাংলা ভাষার ব্যাকরণ চর্চা ও বৈয়াকরণদের বিস্তৃত পরিচয় দেওয়ার প্রয়াস থাকবে। দ্বিতীয় এককে বাংলা ভাষা বিষয়ক প্রয়োজনীয় প্রবন্ধ ও তৃতীয় এককে অভিধান বিজ্ঞান সম্পর্কে বিস্তৃত ও বিচিত্র দিকের পরিচয়ের জন্য উপযুক্ত পাঠ্যক্রম নির্দিষ্ট করা হয়েছে।

### ৪। বিশেষ পত্র: রবীন্দ্রসাহিত্য পাঠ (DSE-III)

CODE: BNG2PDSE03T, **বিশেষ পত্র: রবীন্দ্রসাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**

**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

**পত্রের নাম: রবীন্দ্র-কথাসাহিত্য পাঠ**

১। **চতুরঙ্গ।**

২। **যোগাযোগ।**

৩। **ছোটোগল্প।**

পোস্টমাস্টার, একরাত্রি, নিশীথে, দুরাশা, হৈমন্তী, বোষ্টমী, স্ত্রীর পত্র, ল্যাবরেটরি, সুয়োরানীর সাধ, তোতাকাহিনী।

সহায়ক গ্রন্থ:

১। শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়- বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা, ২। প্রমথনাথ বিশী- রবীন্দ্রনাথের ছোটোগল্প ৩। তপোব্রত ঘোষ- রবীন্দ্র-ছোটোগল্পে শিল্পরূপ, ৪। গোপিকানাথ রায়চৌধুরী- রবীন্দ্র উপন্যাসের নির্মাণশিল্প/ রবীন্দ্রনাথ বাংলা কথাসাহিত্য: নানাদর্পণে, ৫। জ্যোতির্ময় ঘোষ- কথাশিল্পী রবীন্দ্রনাথ: তাঁর গল্প/ নায়কের সন্ধানে রবীন্দ্রনাথ, ৬। ভূদেব চৌধুরী- রবীন্দ্র উপন্যাস: ইতিহাসের প্রেক্ষিতে,

Course Outcome:

চতুর্থ সেমেস্টার Discipline Specific Elective (DSE-III) ষোড়শ মূল পাঠক্রমে রবীন্দ্র-কথাসাহিত্য পাঠ শিরোনামে রবীন্দ্রনাথ ঠাকুর লিখিত নির্বাচিত দুটি উপন্যাস ও দশটি ছোটোগল্পকে পাঠ্য তালিকাভুক্ত করা হয়েছে। কথাসাহিত্যিক রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিভার বিভিন্ন দিকগুলি ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরাই এই পাঠক্রমের মূল উদ্দেশ্য। বর্তমান পাঠক্রমের প্রথম ও দ্বিতীয় এককে যথাক্রমে রবীন্দ্রনাথ রচিত বিখ্যাত দুই ভিন্নধর্মী উপন্যাস ও তৃতীয় এককে ভিন্ন ভিন্ন

ভাবনা ও জীবন দর্শনের আধারে রচিত মোট দশটি ছোটোগল্পকে পাঠ্য বিষয় হিসাবে নির্বাচন করা হয়েছে মূলত রবীন্দ্র-কথাসাহিত্যের ধারাটিকে ছাত্র-ছাত্রীদের সামনে তুলে ধরার জন্য। ফলে এই মূল পাঠক্রমের গুরুত্ব অস্বীকার করা যায় না।

## ৫। বিশেষ পত্র: তুলনামূলক সাহিত্য পাঠ (DSE-III)

**CODE: BNG2PDSE03T, বিশেষ পত্র: তুলনামূলক সাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। Dream Children: A Reverie Charles Lamb [ Essay] [Romantic period]

২। ওড টু এ নাইটিঙ্গেল- জন কীটস্ (Romantic)

সেকেন্ড কামিং- ইয়েটস (Last Victorian first modern)

৩। Waiting for Godot- Samuel Beckett

## ৬। বিশেষ পত্র: লোকসংস্কৃতি পাঠ (DSE-III)

**CODE: BNG2PDSE03T, বিশেষ পত্র: লোকসংস্কৃতি পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

**পত্রের নাম: লোকসংস্কৃতি ও বিভিন্ন বিদ্যাশৃঙ্খলা পাঠ**

ক বিভাগ, বিভিন্ন বিদ্যার সঙ্গে লোকসংস্কৃতির সম্পর্ক নির্ণয়।

১। ভূগোল ও লোকসংস্কৃতি, ২। ইতিহাস ও লোকসংস্কৃতি, ৩। গণিত ও লোকসংস্কৃতি, ৪। সমাজবিদ্যা ও লোকসংস্কৃতি, ৫। সাহিত্য ও লোকসংস্কৃতি, ৬। নৃতত্ত্ব ও লোকসংস্কৃতি, ৭। ভাষাতত্ত্ব ও লোকসংস্কৃতি।

খ বিভাগ, লোকসংস্কৃতি চর্চায় উল্লেখযোগ্য ব্যক্তিত্ব সম্পর্কিত আলোচনা।

১। দীনেশচন্দ্র সেন, ২। রবীন্দ্রনাথ ঠাকুর, ৩। জে.ডি. অ্যান্ডারসন, ৪। জি.এ. গ্রিয়ারসন, ৫। গুরুসদয় দত্ত, ৬। অবনীন্দ্রনাথ ঠাকুর, ৭। আশুতোষ মুখোপাধ্যায়, ৮। আশুতোষ ভট্টাচার্য।

সহায়ক গ্রন্থ:

১। আশুতোষ ভট্টাচার্য: বাংলার লোকসংস্কৃতি ২। ওয়াকিল আহমেদ: বাংলার লোক সংস্কৃতি ৩। আশুতোষ ভট্টাচার্য: বাংলার লোক-সাহিত্য (১ম-৬ষ্ঠ খণ্ড) ৪। নির্মলেন্দু ভৌমিক: বাঙলা ছড়ার ভূমিকা (১ম ও ২য় খণ্ড) ৫। দিব্যজ্যোতি মজুমদার: বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স ৬। সুশীলকুমার দে: বাংলা প্রবাদ ৭। ভবতারণ দত্ত: বাংলা দেশের ছড়া ৮। বরুণকুমার চক্রবর্তী: বাংলা প্রবাদে স্থান-কাল-পাত্র/ বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস/ লোকসংস্কৃতি: নানা প্রসঙ্গ।

Course outcome:

চতুর্থ সেমেস্টার Discipline Specific Elective (DSE-III) ষোড়শ মূল পাঠক্রমে বিশেষ পত্র লোকসংস্কৃতিতে দুটি এককে (প্রথমটিতে ৭টি এবং দ্বিতীয়টিতে ৮টি উপএককে) যথাক্রমে বিভিন্ন বিষয়ের সঙ্গে লোকসংস্কৃতির সম্পর্ক দেখানো হয়েছে ও লোকসংস্কৃতি চর্চায় যাঁরা বিশেষ অবদান রেখেছেন তাঁদের সম্পর্কে ছাত্র-ছাত্রীর স্পষ্ট ধারণা তৈরি করার চেষ্টা করা হয়েছে।

## ১। বিশেষ পত্র: প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (DSE-IV)

**CODE: BNG2PDSE04T, বিশেষ পত্র: প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। আলাওল রচিত পদ্মাবতী কাব্য।

২। কাশিদাসী মহাভারত, (নির্বাচিত অংশ)।

৩। ভারতচন্দ্র রচিত অন্নদামঙ্গল কাব্য, (নির্বাচিত অংশ)।

সহায়ক গ্রন্থ:

১। দেবনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত পদ্মাবতী (২য় খণ্ড) ২। দেবনাথ বন্দ্যোপাধ্যায়: রাজসভার কবি ও কাব্য ৩। আবদুল করিম মুহম্মদ এনামুল হক: আরাকান রাজসভার বাঙ্গালা সাহিত্য ৪। দেবনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত কাশীদাসী মহাভারত ৫। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও সজনীকান্ত দাস সম্পাদিত ভারতচন্দ্র গ্রন্থাবলী।

Course outcome:

চতুর্থ সেমেস্টার Discipline Specific Elective ( DSE-IV) সপ্তদশ মূল পাঠক্রমে ইসলাম ধর্মাবলম্বী কবির অনূদিত পদ্মাবতী কাব্য নির্বাচন করে সুফী ধর্ম ও ইসলামী সংস্কৃতির স্বরূপটি ছাত্র-ছাত্রীর কাছে তুলে ধরার চেষ্টা করা হয়েছে। রামায়ণের মতো মহাভারতও যে বাঙালি জাতীর প্রাণের সম্পদ সে বিষয়ে কোনো সন্দেহ নেই। বিভিন্ন নীতি শিক্ষা, ধর্ম শিক্ষা ও প্রাচীন ভারতের বাঙালি পরিবার ও তাদের পারিবারিক দ্বন্দ্বের ফলে ধ্বংস এই সমস্ত বিষয়ে সম্যক জ্ঞান বৃদ্ধির জন্য মহাভারতের অনুবাদ পাঠ্য করা হয়েছে। আর অষ্টাদশ শতকে কবি ভারতচন্দ্র সমাজ বাস্তবতার যে স্বাক্ষর তাঁর কাব্যে রেখেছেন, সে সম্পর্কে ছাত্র-ছাত্রীর সম্যক জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে অন্নদামঙ্গল কাব্য পাঠ্যতালিকাভুক্ত হয়েছে।

## ২। বিশেষ পত্র: বাংলা কথাসাহিত্য পাঠ (DSE-IV)

**CODE: BNG2PDSE04T, বিশেষ পত্র: বাংলা কথাসাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**

**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। পুনর্নির্মাণ বিষয়ক উপন্যাস (যে কোনো একটি উপন্যাস পাঠ্য) রামকুমার মুখোপাধ্যায় রচিত **ধনপতির সিংহল যাত্রা**। শৈবাল মিত্র রচিত **গোরা**। সেলিনা হোসেন রচিত **নীল ময়ূরের যৌবন**।

২। সাম্প্রতিক উপন্যাস ( যে কোনো একটি উপন্যাস পাঠ্য) দেবেশ রায় রচিত **তিস্তাপারের বৃত্তান্ত**। কিন্নর রায় রচিত **প্রকৃতি পাঠ**। শীর্ষেন্দু মুখোপাধ্যায় রচিত **ঘুণপোকা**।

৩। সাম্প্রতিক ছোটগল্প (যে কোনো ৩ জনের ৬ টি গল্প পাঠ্য)

ক। অনিল ঘড়াই রচিত **কাক, টিকলি** খ। ভগীরথ মিশ্র রচিত **পটিদার, অভিমন্যু** গ। আফসার আহমেদ রচিত **স্বামী প্রেমিকের কাছে পত্র, গুনাহ** ঘ। স্বপ্নময় চক্রবর্তী রচিত **মেয়েমানুষ অথবা কলাগাছ, অষ্টচরণ ষোলো হাঁটু** ঙ। সুবিমল মিশ্র রচিত **পার্কস্ট্রীটের ট্রাফিক পোস্টে হলুদ রং, সময়-দুঃখময়** চ। সুচিত্রা ভট্টাচার্য রচিত **ভাতের গল্প, মারণ বাতাস**। ছ। রবিশঙ্কর বল রচিত **দেবতাদের দিনরাত, বন্দীনিবাস** জ। নবনীতা দেবসেন রচিত **প্রজেক্ট চর্মচটিকা, দক্ষিণাবর্ত শঙ্খ** ঝ। আবুল বাশার রচিত **অন্য নকশী, মাটি ছেড়ে যায়** ঞ। অনিতা অগ্নিহোত্রী রচিত **পাথরের চোখ, অতলস্পর্শ**। তন্বী হালদার রচিত **লেখিকা বীণাপাণি, বাঘরোল**।

সহায়ক গ্রন্থ:

১। শিশির কুমার দাশ রচিত বাংলা ছোটগল্প ২। অরুণকুমার মুখোপাধ্যায় রচিত কালের পুত্তলিকা ৩। তপোধীর ভট্টাচার্য রচিত ছোটগল্পের সুলুকসন্ধান (পূবার্ধ/উত্তরার্ধ) ৪। ব্রজসৌরভ চট্টোপাধ্যায় রচিত অণুগল্পকার নরেন্দ্রনাথ মিত্র ও স্বপ্নময়। ৫। সুমিতা চক্রবর্তী রচিত ছোটগল্পের বিষয় আশয় ৬। প্রেমেন্দ্র মিত্র: বাংলা ছোটগল্পের সূচনা ৭। আবুল রহিম গাজী সম্পাদিত যুগের প্রতিবিম্ব বাংলা ছোটগল্প ৮। সুধীর রায় চৌধুরী সম্পাদিত জগদীশ গুপ্তের গল্প ৯। শঙ্কর চট্টোপাধ্যায় রচিত বাংলা উপন্যাসের নিঃসঙ্গ নায়ক ১০। তপোধীর ভট্টাচার্য রচিত উপন্যাসের সময় ১১। দেবেশ রায় রচিত উপন্যাস: তাৎপর্যের খোঁজে, উপন্যাসের বিবিধ সংকট, উপন্যাসের নতুন ধরনের খোঁজে।

Course Outcome:

চতুর্থ সেমেস্টার Discipline Specific Elective (DSE-IV) সপ্তদশ মূল পাঠক্রমের প্রথম এককে নির্বাচিত উপন্যাসে প্রাচীন কাহিনির নবনির্মাণ অর্থাৎ পুনর্গঠন কেন্দ্রিক উপন্যাসের ধারণা দেবার চেষ্টা করা হয়েছে। এই নবধারার উপন্যাস সম্পর্কে ছাত্র-ছাত্রীদের পরিচয় ঘটানোর জন্যই এই প্রচেষ্টা। আধুনিক সময়ের ঔপন্যাসিকদের কলমে কীভাবে প্রচীন ও

মধ্যযুগীয় কাহিনি অধুনিক কথাসাহিত্যের আধারে নতুনভাবে নির্মিত হচ্ছে তা বোঝানোই মূল উদ্দেশ্য। রামকুমার মুখোপাধ্যায়, শৈবাল মিত্র এবং সেলিনা হোসেনের মতে প্রথিতযশা সাহিত্যিকদের সৃষ্ট এই উপন্যাসগুলি এক একটি মাস্টারপিস। বাংলা কথাসাহিত্যের বিশেষ পত্রে এগুলির উপস্থিতি একান্ত প্রয়োজন। এই রচনাগুলি ছাত্র-ছাত্রীদের কাছে উপন্যাসের নির্মাণের দিকটিকে নানা মাত্রিকতায় তুলে ধরতে সফল হবে। দ্বিতীয় এককে দেবেশ রায়ের তিস্তাপারের বৃত্তান্ত-এ উত্তরবঙ্গের তিস্তা এবং তিস্তা তীরবর্তী নিম্নবর্গীয় উপেক্ষিত-প্রান্তিক মানুষদের প্রাত্যহিক যাপনকে কেন্দ্র করে রচিত এ আখ্যান। এই মহাকাব্যিক উপন্যাসে সমাজ-রাজনীতি-অর্থনীতি-ইতিহাস-সংস্কৃতির অসামান্য বাস্তব চিত্র ফুটে উঠেছে। কিন্নর রায়ের 'প্রকৃতি পাঠ' বর্তমানে সবচেয়ে বেশি আলোচিত বাস্তুতন্ত্রবাদ বা ইকোক্রিটিসিজম বিষয়ক উপন্যাস। আধুনিক সময়ের প্রথিতযশা সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের লেখা 'ঘুনপোকা' এক মনস্তত্ত্বজটিল জীবনের যন্ত্রণাময় ছবি উপন্যাসের উপজীব্য। ছাত্র-ছাত্রীরা এই উপন্যাস পাঠের ফলে উপন্যাসের আধুনিক দ্বন্দ্ব জটিল জীবনবোধের অসামান্য পর্যায়গুলি সম্বন্ধে জানতে পারবে। এই উদ্দেশ্যেই উপন্যাসগুলি নির্বাচন করা হয়েছে। আর তৃতীয় এককে সাম্প্রতিক ছোটগল্পকারদের লেখা বিভিন্ন ধরনের ছোটগল্পগুলি রাখা হয়েছে। দশজন গল্পকারের প্রতিনিধিস্থানীয় এবং অসাধারণ মানের কিছু ছোটগল্প নির্বাচিত করা হয়েছে যাতে সাম্প্রতিক সময়ের ছোটগল্পের ধরন ও গতিশীলতাকে ছাত্র-ছাত্রীরা অনুধাবন করতে পারে। আধুনিক বিশিষ্ট ছোটগল্পকারদের লেখার সঙ্গে ছাত্র-ছাত্রীদের পরিচয় ঘটানও এই গুচ্ছের এই এককের অন্যতম লক্ষ্য।

## ৩। বিশেষ পত্র: ভাষাতত্ত্ব পাঠ (DSE-IV)

**CODE: BNG2PDSE04T, বিশেষ পত্র: ভাষাতত্ত্ব পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**

**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

**পত্রের নাম: ভাষাতত্ত্ব অনুশীলন ও প্রয়োগমূলক বাংলা ভাষা**

১। শৈলীবিজ্ঞান:

- শৈলীবিজ্ঞানের পরিচয়।
- ভাষাশৈলী বিচার- কবিতা, নাটক, উপন্যাস, ছোটগল্প, প্রবন্ধ (নির্বাচিত কবি, নাট্যকার, উপন্যাসিক, ছোটগল্পকার, প্রাবন্ধিক)।
- শৈলীর বহুরূপতা, ব্যক্তিশৈলী ও যুগশৈলী- ধ্বনিকেন্দ্রিক শৈলী, দলকেন্দ্রিক, শব্দকেন্দ্রিক, বাক্যকেন্দ্রিক, লেখ্যরূপ কেন্দ্রিক (গ্রাফোলজিক্যাল স্টাইল), উপস্থাপন কেন্দ্রিক।
- শৈলী বিচারের একক- বিলোপ, সংযোজন, রূপান্তর, প্রমুখন, সমান্তরালতা ও পুনরুক্তি, ছন্দ, অলংকার।

২। বাংলা ভাষার পরিকল্পনা এবং মনস্তাত্ত্বিক ও সামাজিক দিক:

- বিশ্বভাষা (স্বরূপ, বিশ্বভাষা তৈরির প্রয়োজনীয়তা), এসপারেন্ত
- সমাজভাষাবিজ্ঞান (স্বরূপ, বর্ণনামূলক সচল-প্রয়োগমূলক সমাজভাষা বিজ্ঞান)।
- মনোভাষাবিজ্ঞান (স্বরূপ ও বৈশিষ্ট্য, চমস্কি ও মনোভাষা বিজ্ঞান, বাকরোধ ও মস্তিষ্কের ভাষা এলাকা, হোলোফ্রেসটিক স্পিচ ও টেলিগ্রাফিক স্পিচ)।
- ভাষা পরিকল্পনা (পটভূমি, ভাষা পরিকল্পনার কাজ ও সমস্যা, ভাষা পরিকল্পনা ও ভাষাবিজ্ঞানী এবং বাংলা ভাষা)।

৩। বাংলা ভাষার প্রয়োগমূলক নানান দিক:

- বাংলা বিজ্ঞাপনের ভাষা (বিজ্ঞাপনের ভাষার স্বরূপ ও সেকাল-একালের তুলনামূলক আলোচনা)
- সম্প্রচারের ভাষা (বেতার ও টেলিভিশনের ভাষা, মৌখিক প্রচার হ্যান্ডবিল, পোস্টার, হোডিং, ই-মাধ্যম)
- সংবাদপত্র ও পত্র-পত্রিকার ভাষা, সোস্যাল সাইটের ভাষা ফেসবুক, হোয়াটস্অ্যাপ, টুইটার, ব্লগ ইত্যাদি)।

- নৈঃশব্দের ভাষা, সমালোচনার ভাষা, কবিতার ভাষা, নারীর ভাষা, সম্ভাষণের ভাষা, বিলুপ্ত ভাষা, খবরের ভাষা, প্রান্তজনের ভাষা, তৃতীয় লিঙ্গের ভাষা, অপরাধ জগতের ভাষা।

Course Outcome:

বাংলা ভাষা, ব্যাকরণ, সাহিত্য সবকিছুর সঙ্গে বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের ছাত্র-ছাত্রীদের অবশ্যই চর্চার বিষয় হওয়া উচিত বর্তমান বাংলা ভাষার প্রয়োগমূলক দিকটিও। তাই ভাষার মাধ্যমে নতুন ভাবনা চিন্তার উন্মেষের সহায়ক শৈলী বিজ্ঞান, সমাজভাষা বিজ্ঞান, মনোভাষা বিজ্ঞান ও প্রাতিষ্ঠানিক, ব্যবসায়িক বিভিন্ন কাজে বাংলা ভাষার বৈচিত্র্যময় প্রয়োগের শিক্ষা ছাত্র-ছাত্রীদের উপকার করবে।

**সহায়কগ্রন্থ:**

১। রবীন্দ্রনাথ ঠাকুর: বাংলা শব্দতত্ত্ব ২। রবীন্দ্রনাথ ঠাকুর: বাংলা ভাষা পরিচয় ৩। সুনীতিকুমার চট্টোপাধ্যায়: ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ ৪। সুকুমার সেন: ভাষার ইতিবৃত্ত ৫। মুহম্মদ আব্দুল হাই: ধ্বনি-বিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব ৬। মুহম্মদ শহীদুল্লাহ: বাংলা ভাষার ইতিবৃত্ত ৭। পরেশচন্দ্র মজুমদার: সংস্কৃত ও প্রাকৃত ভাষার ক্রমবিকাশ ৮। পরেশচন্দ্র মজুমদার: বাংলা ভাষা পরিক্রমা (প্রথম ও দ্বিতীয় খণ্ড) ৯। আবুল কালাম মনজুর মোরশেদ: বাংলা ভাষাতত্ত্ব মনউরে **১০**। দ্বিজেন্দ্রনাথ বসু: বাংলা ভাষার আধুনিক তত্ত্ব ও ইতিকথা **১১**। রামেশ্বর শ: সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা **১২**। হুমায়ুন আজাদ: সিনট্যাক্স **১৩**। হুমায়ুন আজাদ: বাংলা ভাষা (প্রথম ও দ্বিতীয় খণ্ড) **১৪**। পরেশচন্দ্র ভট্টাচার্য: ভাষাবিদ্যা পরিচয় **১৫**। মৃণাল নাথ: ভাষা ও সমাজ ১৬। পবিত্র সরকার: ভাষা দেশ-কাল, ভাষাপ্রেম-ভাষাবিরোধ **১৭**। পবিত্র সরকার: বাংলা ব্যাকরণ প্রসঙ্গ **১৮**। রফিকুল ইসলাম: ভাষাতত্ত্ব **১৯**। নির্মল দাশ: বাংলা ভাষার ব্যাকরণ ও তার ক্রমবিকাশ ২০। অলিভা দাক্ষী: বাংলা ভাষাবিজ্ঞান অভিধান ২১। অপূর্বকুমার রায়: শৈলীবিজ্ঞান ২২। নব্যেন্দু সেন: বাংলা গদ্য স্টাইলিকট্রিকস ২৩। জ্যোতিভূষণ চাকী: বাংলা ভাষার ব্যাকরণ, ২৪। উদয় চক্রবর্তী: বাংলা পদগুচ্ছের সংগঠন বাংলা সংবর্তনী ব্যাকরণ, বাংলা সংবর্তণী ব্যাকরণ, ভাষাবিজ্ঞান / ভাষাচর্চা-ভাষাপ্রস্থান ২৫। সুচরিতা বন্দ্যোপাধ্যায়: আধুনিক বাংলা ভাষাতত্ত্ব ২৬। সুখেন বিশ্বাস: প্রসঙ্গ: বাংলা ভাষা (প্রথম ও দ্বিতীয় খণ্ড) ২৭। সুখেন বিশ্বাস: ভাষাবিজ্ঞান: তাত্ত্বিক প্রসঙ্গ ২৮। পরেশচন্দ্র মজুমদার ও অভিজিৎ মজুমদার: বাংলা সাহিত্য পাঠ শৈলীগত অনুধাবন ২৯। রাজীব হুমায়ুন: সমাজভাষা বিজ্ঞান ৩০। দানিউল হক: আধুনিক ভাষাতত্ত্ব ৩১। শিশিরকুমার দাশ: ভাষাজিজ্ঞাসা ৩২। নির্মল দাশ: ভাষা পরিচ্ছেদ ৩৩। মনসুর মুসা: ভাষা পরিকল্পনা

## ৪। বিশেষ পত্র: রবীন্দ্রসাহিত্য পাঠ (DSE-IV)

## CODE: BNG2PDSE04T, বিশেষ পত্র: রবীন্দ্রসাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪), ৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।

**পত্রের নাম: রবীন্দ্র-গদ্যসাহিত্য ও তত্ত্ব পাঠ**

১। জীবনস্মৃতি

২। রবীন্দ্রসাহিত্যতত্ত্ব

কল্পনাতত্ত্ব, সৌন্দর্যতত্ত্ব, প্রকাশতত্ত্ব, সাহিত্যের সত্য, লীলাবাদ

৩। রবীন্দ্রপ্রবন্ধ (নির্বাচিত)

ভারতবর্ষের ইতিহাস (ভারতবর্ষ), প্রাচ্য ও প্রতীচ্য (সমাজ), সামঞ্জস্য (শান্তিনিকেতন), উৎসব (ধর্ম), দুঃখ (ধর্ম), মানবসত্য (মানুষের ধর্ম), সভ্যতার সংকট (কালান্তর), রূপ ও অরূপ (সঞ্চয়)

সহায়ক গ্রন্থ:

১। দুর্গাশঙ্কর মুখোপাধ্যায়- রবীন্দ্রনাথের সাহিত্যতত্ত্ব বিচার, ২। অসিতকুমার বন্দ্যোপাধ্যায়- সাহিত্য জিজ্ঞাসায় রবীন্দ্রনাথ, ৩। বিমলকুমার মুখোপাধ্যায়- রবীন্দ্রনন্দনতত্ত্ব, ৪। ভবতোষ দত্ত- রবীন্দ্রচিন্তাচর্চা, ৫। সত্যেন্দ্রনাথ রায়- সাহিত্যতত্ত্বে রবীন্দ্রনাথ/ সাহিত্য সমালোচনায় বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ, ৬। প্রমথনাথ বিশী- রবীন্দ্র-সাহিত্য-বিচিত্রা, ৭। হরপ্রসাদ মিত্র- রবীন্দ্র-সাহিত্য-পাঠ

Course Outcome:

চতুর্থ সেমেস্টার Discipline Specific Elective (DSE-IV) কোর্সের দ্বিতীয় গুচ্ছে রবীন্দ্র-গদ্যসাহিত্য ও তত্ত্ব পাঠ শিরোনামে রবীন্দ্রনাথ ঠাকুর লিখিত কয়েকটি গদ্যরচনা ও সুনির্দিষ্ট কয়েকটি রবীন্দ্র-সাহিত্যতত্ত্বকে পাঠ্য তালিকাভুক্ত করা হয়েছে। এই গুচ্ছের প্রথম এককে রবীন্দ্রনাথ ঠাকুরের নিজের জীবন নিয়ে স্মৃতিচারণমূলক গ্রন্থকে পাঠ্যতালিকাভুক্ত করে তাঁর ব্যক্তিজীবনের সঙ্গে সম্পর্কিত শিক্ষণীয় বিভিন্ন মূল্যবান বিষয়গুলি ছাত্র-ছাত্রীদের সামনে তুলে ধরার প্রয়াস করা হয়েছে। দ্বিতীয় এককে রবীন্দ্র-সাহিত্যতত্ত্বের বিভিন্ন দিকগুলি শিক্ষার্থীদের বোধগম্য করার জন্য পাঠ্য হিসাবে নির্বাচিত হয়েছে। আর সমাজ ও সাহিত্যের ভিন্ন ভিন্ন দিক নিয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের সুচিন্তিত মতামত সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার জন্য আটটি প্রবন্ধের পাঠকে নির্বাচন করা হয়েছে। অর্থাৎ রবীন্দ্র-গদ্যসাহিত্য ও তত্ত্ব সম্পর্কে ছাত্র-ছাত্রীদের সম্যক ধারণা প্রদানই এই গুচ্ছের মুখ্য উদ্দেশ্য।

### ৫। বিশেষ পত্র: তুলনামূলক সাহিত্য পাঠ (DSE-IV)

**CODE: BNG2PDSE04T, বিশেষ পত্র: তুলনামূলক সাহিত্য পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**
**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। কালিদাস অভিজ্ঞান শকুন্তলম্ (নির্বাচিত অংশ)।

[বঙ্কিমচন্দ্রের: ‘শকুন্তলা- মিরান্দা- দেসদিমনা’ বিদ্যাসাগরের ‘শকুন্তলা’, হরপ্রসাদ শাস্ত্রীর ‘দূর্বাসার অভিশাপ’, রবীন্দ্রনাথের ‘প্রাচীন সাহিত্য’ সম্বন্ধে আলোচনা থাকবে।]

২। মৃচ্ছকটিকম্ – শূদ্রক।

৩। রমাকান্ত রথ- শ্রীরাধা (কাব্য)।

### ৬। বিশেষ পত্র: লোকসংস্কৃতি পাঠ (DSE-IV)

**CODE: BNG2PDSE04T, বিশেষ পত্র: লোকসংস্কৃতি পাঠ (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**
**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। ছড়া, ধাঁধা, প্রবাদ, লোককথা সম্পর্কিত আলোচনা, কমপক্ষে ১০ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান করতে হবে।

২। লোকনৃত্য সম্পর্কিত আলোচনা ( রণ পা, ছৌ, ঢালি নাচ, রায় বেঁশে, কাঠি নাচ, পাতা নাচ)।

৩। লোকশিল্প সম্পর্কিত আলোচনা ( বাঁশ, বেত, পাট, রেশম, লাক্ষা বা গালা)।

৪। লোকনাট্য সম্পর্কিত আলোচনা (আলকাপ, বোলান, গম্ভীরা, কুশান, লেটো)।

৫। লোকসঙ্গীত সম্পর্কিত আলোচনা(টুসু, ভাদু, ঝুমুর, ভাটিয়ালি, ভাওয়াইয়া এবং নির্বাচিত গীতিকা)।

সহায়ক গ্রন্থ:

১। আশুতোষ ভট্টাচার্য: বাংলার লোকসংস্কৃতি ২। ওয়াকিল আহমেদ: বাংলার লোক সংস্কৃতি ৩। আশুতোষ ভট্টাচার্য: বাংলার লোক-সাহিত্য (১ম-৬ষ্ঠ খণ্ড) ৪। নির্মলেন্দু ভৌমিক: বাঙলা ছড়ার ভূমিকা (১ম ও ২য় খণ্ড) ৫। দিব্যজ্যোতি মজুমদার: বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স ৬। সুশীলকুমার দে: বাংলা প্রবাদ ৭। ভবতারণ দত্ত: বাংলা দেশের ছড়া ৮। বরুণকুমার চক্রবর্তী: বাংলা প্রবাদে স্থান-কাল-পাত্র/ বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস/ লোকসংস্কৃতি: নানা প্রসঙ্গ।

Course outcome:

চতুর্থ সেমেস্টার Discipline Specific Elective (DSE-IV) সপ্তদশ মূল পাঠক্রম বিশেষ পত্র লোকসংস্কৃতিতে লোকসাহিত্যের বিভিন্ন ধারার নির্বাচিত অংশ পাঠ্যতালিকাভুক্ত হয়েছে। এই পাঠক্রমে মূলত ছড়া, ধাঁধা, প্রবাদ, লোকশিল্প, লোকনৃত্য, লোকনাট্য, লোকসঙ্গীত পাঠ্যতালিকাভুক্ত করে লোকসাহিত্য বিষয়ে ছাত্র-ছাত্রীর জ্ঞানকে স্পষ্ট ও তাদের আগ্রহকে বিশেষভাবে উদ্দীপিত করার চেষ্টা করা হয়েছে।

**CODE: BNG2PCOR14T, বাংলা নাটক পাঠ, প্রথম পর্ব (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**
**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। দীনবন্ধু মিত্র রচিত **নীলদর্পণ**।

২। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর রচিত **অলীকবাবু**।

৩। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত **বিসর্জন**।

সহায়ক গ্রন্থ:

১। আশুতোষ ভট্টাচার্য: বাংলা নাট্যসাহিত্যের ইতিহাস ২। অজিতকুমার ঘোষ: বাংলা নাটকের ইতিহাস ৩। আবু সয়ীদ আইয়ুব: আধুনিকতা ও রবীন্দ্রনাথ ৪। শঙ্খ ঘোষ: কালের মাত্রা ও রবীন্দ্রনাটক ৫। সুরেশচন্দ্র মৈত্র: বাংলা নাটকের বিবর্তন।

Course outcome:

বাংলা নাটকের ধারা বেশ শক্তিশালী। নানান ঘাত-প্রতিঘাতে তার মোড় ফেরার ইতিহাস ছাত্র-ছাত্রীদের অজানা নয়। অষ্টাদশ মূল পাঠক্রমে উনিশ শতকের তেমনি তিনটি উল্লেখযোগ্য নাটক নির্বাচন করে আমরা উনিশ শতকের প্রহসন, নীলচাষীদের আত্মরক্ষার লড়াই ও নীলকর সাহেবদের অত্যাচার এবং বলি প্রথার কুফল ও মানুষের অন্ধ বিশ্বাস সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবহিত করতে চেয়েছি।

**CODE: BNG2PCOR15T, বাংলা নাটক পাঠ, দ্বিতীয় পর্ব (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**
**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। দ্বিজেন্দ্রলাল রায় রচিত **সাজাহান**।

২। বাদল সরকার রচিত **এবং ইন্দ্রজিৎ**।

৩। শাঁওলী মিত্র রচিত **নাথবতী অনাথবৎ**।

সহায়ক গ্রন্থ:

Course outcome:

চতুর্থ সেমেস্টার ঊনবিংশ মূল পাঠক্রমে বিশ শতকের বাংলা নাটক সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণাকে স্পষ্ট করার জন্য এই শতকের বিখ্যাত তিনটি নাটককে পাঠ্যবিষয়ভুক্ত করা হয়েছে। দ্বিজেন্দ্রলাল রায় রচিত সাজাহান শুধু বিখ্যাত ঐতিহাসিক নাটক নয়, এতে একাধারে সেকালের সমাজ-ইতিহাসকে তুলে ধরার প্রয়াস যেমন আছে, তেমনি এর ভাষা ব্যবহার ও সংলাপ রচনায় নাট্যকারের দক্ষতাও আছে। এই সমস্ত বিষয়ে ছাত্র-ছাত্রীর ধারণাকে স্পষ্ট করাই এই নির্বাচনের মূল লক্ষ্য। বাংলা নাট্যসাহিত্যে উদ্ভট নাটক লিখে যিনি বিখ্যাত হয়েছেন সেই বাদল সরকার-এর বিখ্যাত নাটক এবং ইন্দ্রজিৎ পাঠ্য করে বিষয়টি সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণা স্পষ্ট করার প্রয়াস করা হয়েছে। আর আধুনিক পুনর্নির্মাণ নাটকের রূপ ও স্বরূপ বোঝানোর উদ্দ্যেশ্যে মহাভারতের কাহিনি নিয়ে রচিত নাথবতী অনাথবৎ নাটকটির নির্বাচন।

**CODE: BNG2PCOR16T, শিক্ষামূলক ভ্রমণ / ক্ষেত্র সমীক্ষা (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**
**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। গবেষণা সংক্রান্ত নিয়মাবলীর (Methodology) আলোচনা, ২০ নম্বর।

২। শিক্ষামূলক ভ্রমণ/ ক্ষেত্র সমীক্ষা (Preparation of Term Paper/ Data Collection), ২০ নম্বর।

৩। বই পর্যালোচনা / চিত্রনাট্য লিখন (Book Review/ Script Writing), ১০ নম্বর।

Course outcome:

এই মূল পাঠক্রমে ছাত্র-ছাত্রীদের গবেষণা সংক্রান্ত নিয়মকানুন শেখানোর পাশাপাশি তাদেরকে বিভিন্ন উল্লেখযোগ্য স্থান পরিদর্শনের জন্য শিক্ষামূলক ভ্রমণ বা ক্ষেত্র সমীক্ষায় নিয়ে যাওয়া হবে। ছাত্র-ছাত্রীরা দর্শনীয় স্থান পরিদর্শন ও ক্ষেত্র সমীক্ষা করে নিজেদের অভিজ্ঞতা ব্যক্ত করতে ১০০০-১৫০০ শব্দের মধ্যে একটি টার্ম পেপার রচনা অথবা তথ্য সংগ্রহ করবে সেইসঙ্গে যেকোনো একটি প্রকাশিত গ্রন্থের পর্যালোচনা বা যেকোনো প্রকাশিত গ্রন্থ্ পাঠ করে তার থেকে অতিসংক্ষিপ্ত একটি চিত্রনাট্য লিখবে। ছাত্র-ছাত্রীর বৌদ্ধিক বিকাশ ও স্বতন্ত্র ভাবনা-সহ তাদের ব্যক্তি-লিখন ক্ষমতা বৃদ্ধির জন্য এই মূল পাঠক্রমটির পরিকল্পনা করা হয়েছে।

**CODE: BNG2PCOR17M, গবেষণা পত্র রচনা (৫০ নম্বর, ক্রেডিট ০৪),**

**৬ ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান আবশ্যিক।**

১। সারাৎসার রচনা (Synopsis), ১০ নম্বর।

২। সংক্ষিপ্তসার রচনা (Dissertation), ৩০ নম্বর।

৩। মৌখিক পরীক্ষা (viva-voce exam.), ১০ নম্বর।

এই মূল পাঠক্রমে প্রথমে ১৫০০-২০০০ শব্দের মধ্যে যে কোনো একটি বাংলা বিষয়ে অথবা বাংলা বিষয়ের সঙ্গে যোগ আছে এমন কোনো বিষয়ে গবেষণা পত্রের সারাৎসার (synopsis) প্রস্তুত করতে হবে। অতপর ৩৫০০-৪০০০ শব্দের মধ্যে প্রস্তাবিত সারাৎসারের বক্তব্যটিকে সংক্ষিপ্তসার আকারে (mini thesis or Dissertation) প্রতিষ্ঠিত করতে হবে এবং বাংলা অক্ষরে টাইপিং ও বাঁধাই করে ছাত্র-ছাত্রীকে উক্ত সংক্ষিপ্ত গবেষণা পত্রটি নির্দিষ্ট কর্তৃপক্ষের কাছে জমা দিতে হবে। উক্ত সংক্ষিপ্তসারটির উপর দক্ষতা ও অভিজ্ঞতা বিচারের জন্য ছাত্র-ছাত্রীকে মৌখিক পরীক্ষা নেওয়া হবে। এক্ষেত্রে বিষয় নির্বাচনে ছাত্র-ছাত্রীদের নিজস্বতা ও স্বাতন্ত্র্য থাকা বাঞ্ছনীয়।

Course outcome:

উচ্চতর বিদ্যাশিক্ষায় ছাত্র-ছাত্রীদের প্রতিষ্ঠিত করার জন্য, বাংলা সাহিত্য বিষয়ে গবেষণা পদ্ধতি ও প্রকরণ শিক্ষার জন্য, গবেষণার তত্ত্ব (Methodology) সংক্রান্ত ধারণা তৈরি করার জন্য এই মূল পাঠক্রমের অবতারণা।

সভাপতি স্নাতকোত্তর বাংলা পাঠ পর্ষদ

এবং

বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ,

পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়। বারাসাত, কলকাতা- ১২৬।